**আল কুরআন**

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

আর স্মরণ কর, যখন আল্লাহ বলবেন, হে ঈসা! আমি তোমাকে নিয়ে নেবো এবং তোমাকে নিজের দিকে তুলে নিবো-কাফেরদের থেকে তোমাকে পবিত্র করে দেবো।

সূরা আল ইমরান ৫৫



দৈনিক

# কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৬ জুলাই ২০২৬ ॥ ০১ সফর ১৪৪৮ ॥ ০১ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৪৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

এ্যাংকর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত বন্ধন

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

## সব সুযোগ-সুবিধা নিয়ে আসছে ‘ইউনিভার্সাল কার্ড’

কীর্তনখোলা ডেস্ক

দেশের সাধারণ খেটে খাওয়া মানুষ, প্রান্তিক কৃষক এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠীর সামাজিক ও আর্থিক নিরাপত্তা ২ এর পাতায় দেখুন

## শেখ হাসিনার আত্মসমর্পণের সুযোগ নেই, গ্রেফতারের পর রায় কার্যকর

কীর্তনখোলা ডেস্ক

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচারের ব্যাপারে সরকারের দৃঢ় অবস্থান পুনর্ব্যক্ত করে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন ২ এর পাতায় দেখুন

## দুর্যোগে এইচএসসি পরীক্ষা দিতে না পারা শিক্ষার্থীদের ফের সুযোগ

কীর্তনখোলা ডেস্ক

ভারী বর্ষণ ও বৈরী আবহাওয়ার কারণে চলমান এইচএসসি ও সমমানের পরীক্ষায় যারা অংশ নিতে পারেননি, তাদের ২ এর পাতায় দেখুন

## সরকারের অহংকারী মনোভাব বাদ দিয়ে শিক্ষার্থীদের সঙ্গে সংলাপে বসা উচিত

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, শিক্ষার্থীদের ওপর লাঠিচার্জ ও টিয়ারশেল ২ এর পাতায় দেখুন

# বরিশালে বাণিজ্যমেলা শেষে জিম্মি দুই শতাধিক উদ্যোক্তা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শিল্প ও বাণিজ্য মেলা শেষ হওয়ার প্রায় ১০ দিন পরও অংশগ্রহণকারী দুই শতাধিক উদ্যোক্তা ও ব্যবসায়ীর মালামাল আটকে রাখার অভিযোগ উঠেছে আয়োজকদের বিরুদ্ধে। বুধবার (১৫ জুলাই) বরিশালের জেলা প্রশাসকের (ডিসি) কাছে লিখিত অভিযোগ দিয়েছেন কয়েকজন উদ্যোক্তা। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের আশ্বাস দিয়েছেন জেলা প্রশাসক মামুন খন্দকার। ব্যবসায়ীদের অভিযোগ, চাহিদা অনুযায়ী বাড়তি টাকা না দেওয়ায় ছাড়পত্র দিচ্ছে না আয়োজকরা। এ কারণে চরম অর্থাভাবে না খেয়ে দিন কাটছে ২০০ স্টলের পাঁচ শতাধিক উদ্যোক্তা, ব্যবসায়ী এবং কর্মচারীদের। এর প্রতিবাদ করায় মারধরের শিকারও হয়েছেন উদ্যোক্তারা। ব্যবসায়ীরা জানান, বিভিন্ন আইনি জটিলতা কাটিয়ে গত ২৬ মে নগরীর পরেশসাগর মাঠে শিল্প ও বাণিজ্য মেলা শুরু করে বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেড। নিয়ম অনুযায়ী গত ২৬ জুন মেলা অনুমোদনের মেয়াদ শেষ হয়েছে। উদ্যোক্তারা বলেন, মেলার সময় বৃদ্ধির কথা বলে ১০ জুলাই পর্যন্ত তাদের অপেক্ষায় রাখা হয়। কিন্তু মেয়াদ বৃদ্ধি না হওয়ায় গত ১০ জুলাই মেলা বন্ধের নির্দেশ দেয় চেম্বার কর্তৃপক্ষ। নির্দেশনা অনুযায়ী বাড়ি ফেরার উদ্দেশ্যে প্রায় দুইশ স্টলের সব মালামাল গুছিয়ে ফেলেছেন। মেলার ব্যবসায়ী এবং উদ্যোক্তা মো. সাগরসহ অন্যরা জানান, মালামাল গুছিয়ে যাওয়ার জন্য আয়োজকদের কাছে ছাড়পত্র চাইলে তারা নিজেদের ইচ্ছেমতো অতিরিক্ত টাকা দাবি করে। ওই টাকা পরিশোধ না করলে ছাড়পত্র দেওয়া হবে না বলে জানিয়ে দেয়। তারা অভিযোগ করেন, বৈরী আবহাওয়ার কারণে মেলায় তেমন দর্শক হয়নি। তার পরও আমরা চুক্তি অনুযায়ী প্রতিদিন যেভাবে আয় করেছি সেভাবে তাদের স্টলের ভাড়া দিয়েছি। এখন বাড়তি টাকা না পেয়ে আমাদের দোকানের মালামালসহ দুই পাশের গেট আটকে দিয়েছে। এর প্রতিবাদ করায় বুধবার ২ এর পাতায় দেখুন

## ২৬ কার্যদিবসের বাজেট অধিবেশন শেষ, ১০ সরকারি বিল পাস

কীর্তনখোলা ডেস্ক

ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন (বাজেট অধিবেশন) শেষ হয়েছে। অধিবেশন সমাপ্তি সংক্রান্ত রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ঘোষণা পাঠ করার মাধ্যমে ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বুধবার (১৫ জুলাই) চলতি অধিবেশনের সমাপ্তি ঘোষণা দেন। এই অধিবেশন মোট ২৬ কার্যদিবসে অনুষ্ঠিত হয়েছে। বাজেটের ওপর সাধারণ আলোচনা ১৪টি কার্যদিবসে মোট ৪৮ ঘণ্টা ৫১ মিনিট স্থায়ী হয়। আলোচনায় অংশ নেন ৩১৬ জন সংসদ সদস্য। বাজেট অধিবেশনে ১০টি সরকারি বিল পাস হয়েছে। কার্যপ্রণালী-বিধির ৭১ বিধি অনুযায়ী ৭১৫টি নোটিশ প্রাপ্ত হয়। এর মধ্যে ২৪টি গৃহীত হয় এবং ২২টি নোটিশের ওপর আলোচনা হয়। এছাড়া, ৭১(ক) বিধি অনুযায়ী ১২৫টি দুই মিনিটের নোটিশ আলোচিত হয়েছে। ১৩১ বিধি অনুযায়ী ৪টি সিদ্ধান্ত প্রস্তাব আলোচনা ও নিষ্পত্তি ২ এর পাতায় দেখুন

# শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবিতে দ্বিতীয় দিনের মতো শিক্ষার্থীদের অবরোধ

কীর্তনখোলা রিপোর্ট

শিক্ষামন্ত্রীর পদত্যাগ, প্রশ্নপত্রের মান নিয়ে ক্ষোভ এবং আন্দোলনরত শিক্ষার্থীদের প্রতি সরকারের আচরণের প্রতিবাদে বরিশালে বিক্ষোভ মিছিল ও অবস্থান কর্মসূচি পালন করেছেন উচ্চ মাধ্যমিক (এইচএসসি) পরীক্ষার্থীরা। এ সময় তারা শিক্ষা ব্যবস্থার বিভিন্ন অসঙ্গতির অভিযোগ তুলে দ্রুত কার্যকর পদক্ষেপ নেয়ার দাবি জানান। বুধবার (১৫ জুলাই) দুপুর ২টার দিকে বরিশাল কেন্দ্রীয় বাস টার্মিনাল সংলগ্ন বিআরটিসি বাস ডিপোর সামনে থেকে বিক্ষোভ মিছিল শুরু করেন শিক্ষার্থীরা। মিছিলটি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের সামনে ২ এর পাতায় দেখুন

## ১৮ জুলাইয়ের বরিশাল বিভাগীয় সমাবেশ উপলক্ষ্যে নগরীতে স্বাগত মিছিল

কীর্তনখোলা রিপোর্ট

আসন্ন ১৮ জুলাই বরিশাল বিভাগীয় সমাবেশ এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের বরিশাল আগমনকে স্বাগত জানিয়ে বাংলাদেশ জামায়াতে ইসলামী বরিশাল মহানগরীর কোতয়ালী উত্তর থানা এক বর্ণাঢ্য স্বাগত মিছিলের আয়োজন করে। মিছিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও বরিশাল মহানগর আমির মাওলানা জহির উদ্দিন মু. বাবর। তিনি সমাবেশ সফল করতে সর্বস্তরের নেতাকর্মীদের ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। এ সময় আরও উপস্থিত ছিলেন বরিশাল মহানগরীর নায়েবে আমির অধ্যাপক মাহমুদ হোসাইন দুলাল, কোতয়ালী উত্তর থানা নায়েবে আমির অধ্যাপক ২ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগীয় সমাবেশ সফল করতে কেন্দ্রীয় হেমায়েত উদ্দিন ঈদগাহ ময়দান পরিদর্শন করেন জামায়াতে ইসলামী কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মুয়াযযম হোসাইন হেলাল -কীর্তনখোলা

# মঠবাড়িয়া খাসমহল লতিফ ইনস্টিটিউশনে পরীক্ষার প্রশ্নপত্রে ৮০টি ভুল

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় খাসমহল লতিফ ইনস্টিটিউশনের ষষ্ঠ শ্রেণির ইংরেজি প্রথম পত্রের প্রশ্নপত্রে প্রায় ৭০/৮০টি বানান ভুল নিয়ে বিতর্কের সৃষ্টি হয়েছে। একটি প্রশ্নপত্রে কিভাবে এতগুলো ভুল থাকে তা নিয়ে ক্ষোভ ঈশ্বদাশ করেন অভিভাবকরা। জানাগেছে, (বুধবার ১৫ জুলাই) সকালে ষষ্ঠ শ্রেণির ইংরেজি প্রথমপত্র পরীক্ষার প্রশ্নপত্র বিতরণের পরে ভুল লক্ষ করা যায়। ভুলেভরা প্রশ্নপত্রটি সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে আপলোড দিলে দ্রুত ভাইরাল হয়ে যায়। ভাইরাল হওয়া ২ এর পাতায় দেখুন

## পাহাড়ধস-বন্যায় মৃত্যু বেড়ে ৫৭ জন

কীর্তনখোলা ডেস্ক

টানা অতিবৃষ্টিতে পাহাড়ধস ও দেশের সাত জেলায় সৃষ্ট বন্যায় মৃতের সংখ্যা বেড়ে ৫৭ জনে পৌঁছেছে। আহত হয়েছেন ৪০ জন। ক্ষতিগ্রস্তদের জন্য ১১১টি আশ্রয়কেন্দ্র খোলা হয়েছে। এসব কেন্দ্রে বর্তমানে ৪ হাজার ৭৯ জন আশ্রয় নিয়েছেন। বুধবার (১৫ জুলাই) বিকেল ৪টার হালনাগাদ তথ্য প্রকাশ করে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এ তথ্য জানিয়েছে। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, বর্তমানে বন্যাকবলিত জেলা সাতটি। এগুলো হলো খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, কক্সবাজার, চট্টগ্রাম, মৌলভীবাজার ও হবিগঞ্জ। এসব জেলার ৫৭টি উপজেলা প্লাবিত হয়েছে। ক্ষতিগ্রস্ত ইউনিয়ন ৩৩৪টি এবং পৌরসভা ৯টি। জেলাভিত্তিক হিসাবে রাঙ্গামাটিতে ৩ জন, বান্দরবানে ৬ জন, কক্সবাজারে ৩২ জন (স্থানীয় ১৯ ও রোহিঙ্গা ১৩), চট্টগ্রামে ১৫ জন এবং ২ এর পাতায় দেখুন

## দক্ষ জনশক্তি গড়তে পরিকল্পিত পরিবার গঠন করতে হবে

— বিভাগীয় কমিশনার

কীর্তনখোলা রিপোর্ট

বিভাগীয় কমিশনার খলিল আহমেদ বলেছেন, দেশের জনসংখ্যাকে দক্ষ মানবসম্পদে পরিণত করতে পরিকল্পিত পরিবার গঠন করতে হবে। ডেমোগ্রাফিক ডিভিডেন্ডকে কাজে লাগাতে তরুণ প্রজন্মকে আধুনিক প্রযুক্তিতে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তুলতে পারলেই দেশের টেকসই উন্নয়ন নিশ্চিত সম্ভব। ‘তারুণ্যের আশা-আকাঙ্খা বাস্তবায়ন করি, আজকের প্রত্যয়ে সুন্দর আগামী গড়ি’ এ প্রতিপাদ্যে বিশ্ব জনসংখ্যা দিবস উদযাপন উপলক্ষে বরিশাল বিভাগীয় পরিবার পরিকল্পনা দপ্তরের আয়োজনে সার্কিট হাউজের সম্মেলন কক্ষে বুধবার সকালে অনুষ্ঠিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিভাগীয় কমিশনার ২ এর পাতায় দেখুন

## মঠবাড়িয়ায় কুপিয়ে হত্যা মামলায় দুইজনের যাবজ্জীবন

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়ায় একটি হত্যা মামলায় দুইজনকে যাবজ্জীবন কারাদণ্ড ও প্রত্যেককে ১০ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে আরো ছয় মাসের কারাদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। রায় ঘোষণার সময় দণ্ডপ্রাপ্তরা পলাতক ছিলেন। বুধবার (১৫ জুলাই) দুপুরে পিরোজপুর সিনিয়র জেলা ও দায়রা জজ মো. মজিবুর রহমান এই রায় দেন। দণ্ডপ্রাপ্তরা হলেন- মঠবাড়িয়া উপজেলার ঘোপখালী গ্রামের মো. ইউনুস আকনের ছেলে মো. কামরুল আকন ও চরকখালী গ্রামের মো. টুকু মিয়া হাওলাদারের ছেলে মো. সোহাগ হাওলাদার। ওই হত্যার ঘটনায় অপর আসামি মো. ইউসুফ আকনকে আদালত খালাস দিয়েছেন। আদালত সূত্র জানায়, ২০১৫ সালের ১৭ মে বিকেলে আসামি ২ এর পাতায় দেখুন

# বরিশালে ঘুরতে গিয়ে চাঁদাবাজি দেখলেন বিচারক, পুলিশকে মামলার নির্দেশ

কীর্তনখোলা রিপোর্ট

সম্প্রতি কীর্তনখোলা নদীর ত্রিশ গোডাউন পর্যটনকেন্দ্রে ঘুরতে গিয়ে নৌকা ও ট্রলার থেকে চাঁদাবাজি করতে দেখেন বরিশালের অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ও জাস্টিস অব দ্য পিস এস এম শরিয়ত উল্লাহ। গোপনে চাঁদাবাজির ভিডিও ধারণ করা হয়। এ ঘটনায় তিনি স্বপ্রণোদিত হয়ে পুলিশকে মামলা করতে গতকাল বুধবার আদেশ দিয়েছেন। আদেশে একজন পুলিশ কর্মকর্তাকে বাদী হয়ে মামলা করতে বলা হয়েছে। এ ছাড়া তদন্ত প্রতিবেদনে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে চাঁদাবাজিতে জড়িত ব্যক্তিদের নাম, ঠিকানাসহ সব তথ্য আদালতে উপস্থাপনের নির্দেশ দেওয়া হয়েছে। আদালতের পর্যবেক্ষণে বলা হয়, গত ১০ জুলাই জাস্টিস অব দ্য পিস ত্রিশ গোডাউন এলাকা পরিদর্শনের সময় নদী তীরের নৌকা ও ট্রলার থেকে অবৈধভাবে চাঁদা আদায়ের ঘটনা দেখেন। একাধিক ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

**বাংলা ব্যাকরণ ও নির্মিতি**

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা<br>সদর রোড, বরিশাল<br>01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01711-264963 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868515 | অংকুর লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01708-868514 |
| খন্দকার লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি<br>সদর রোড, বরিশাল<br>01763-107720 | রহমান বুক হাউজ<br>প্যারারোড, সদর রোড, বরিশাল<br>01718-670945 | মজুমদার লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল<br>01716-139268 |
| অমৃত লাইব্রেরি<br>অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল<br>01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি<br>বি.এম কলেজের সামনে<br>01726-074663 | হক লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে<br>01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি<br>বি.এম কলেজ মসজিদ গেট<br>01717-488083 |

## কীর্তনখোলা নদীতে বালু উত্তোলনের দায়ে আটক ৪

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে অবৈধভাবে বালু উত্তোলনের সময় চারজনকে আটক করেছে কোস্টগার্ড। এ ঘটনায় ড্রেজার মালিককে লাখ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। বুধবার (১৫ জুলাই) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ কোস্ট গার্ড দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত। আটক ব্যক্তিরা হলেন, লক্ষ্মীপুরের রামগতি উপজেলার কলাকোপা এলাকার মো. জাফর, নোয়াখালীর সুবর্ণচর উপজেলার জব্বার থানাধীন চার রশিদ এলাকার মো. আব্দুল হাকিম, ভোলা সদর উপজেলার ডাইয়া গ্রামের মো. মুমিন ও মো. রাকিব। মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত জানান, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার কালিজিরা সংলগ্ন কীর্তনখোলা নদীতে অভিযান চালানো হয়। এ সময় অবৈধভাবে বালু উত্তোলনের দায়ে চারজনকে আটকের পর ভ্রাম্যমাণ আদালতের সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আজহারুল ইসলাম ট্রলার মালিককে লাখ টাকা জরিমানা করেন।


দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

**প্রতিনিধি আবশ্যক**

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, 'কাজ হয়ে যাবে'; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

## মঠবাড়িয়ায় কুপিয়ে হত্যা

কামরুল, সোহাগ ও ইউসুফসহ আরও কয়েকজন পূর্ব শত্রুতার জেরে মঠবাড়িয়া পৌর এলাকার মো. হালিম কাজীর ছেলে রাকিবুলকে বেতমোর বাজারে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। হত্যার ঘটনায় নিহতের পিতা বাদী হয়ে কামরুল আকন, সোহাগ হাওলাদার ও ইউসুফ আকনসহ আরও কয়েকজনকে অজ্ঞাতনামা আসামি করে ওই দিন মঠবাড়িয়া থানায় হত্যা মামলা করেন। পরে পুলিশ তাদের বিরুদ্ধে চার্জশিট দেয়। পরে সাক্ষ্য প্রমাণে কামরুল আকন ও সোহাগ দোষী সাব্যস্ত হলে আদালত তাদের বিরুদ্ধে এই রায় দেন। মামলায় রাষ্ট্র পক্ষে ছিলেন পিপি আবুল কালাম আকন ও আসামি পক্ষে ছিলেন অ্যাড. আহসানুল কবির বাদল।

## শিক্ষামন্ত্রী'র পদত্যাগ দাবিতে দ্বিতীয়

গিয়ে শেষ হয়। পরে সেখানে অবস্থান নিয়ে বিভিন্ন দাবিতে স্লোগান দেন তারা। আন্দোলনে অংশ নেয়া সরকারি বরিশাল কলেজের পরীক্ষার্থী শাকিল আহমেদ বলেন, শিক্ষা নিয়ে দায়িত্বশীল কোনো ব্যক্তির কাছ থেকে পরীক্ষার্থীদের উদ্দেশে অবমাননাকর মন্তব্য প্রত্যাশিত নয়। শিক্ষার্থীদের সম্মান ক্ষুণ্ন করায় শিক্ষামন্ত্রীকে প্রকাশ্যে ক্ষমা চেয়ে পদত্যাগ করতে হবে। অন্যথায় আন্দোলন আরও বিস্তৃত হবে বলে হুঁশিয়ারি দেন তিনি। অমৃত লাল দে মহাবিদ্যালয়ের পরীক্ষার্থী রাসেল মাহমুদের অভিযোগ, চলতি এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র এমনভাবে প্রণয়ন করা হয়েছে, যার অনেক বিষয় পাঠ্যবইয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এতে শিক্ষার্থীরা চরম অনিশ্চয়তা ও মানসিক চাপে পড়েছেন বলে দাবি করেন তিনি। একই সঙ্গে শিক্ষার্থীদের নিয়ে অবমাননাকর মন্তব্যেরও প্রতিবাদ জানান। সরকারি বরিশাল কলেজের শিক্ষার্থী শারমিন আক্তার বলেন, ঢাকায় আন্দোলনরত পরীক্ষার্থীদের ওপর লাঠিচার্জের ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচার চান তারা। তিনি জানান, আন্দোলনের একপর্যায়ে বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে তাদের বৈঠক হয়েছে। সেখানে চেয়ারম্যান ভবিষ্যতে এমন পরিস্থিতির পুনরাবৃত্তি না হওয়ার বিষয়ে আশ্বাস দিয়েছেন। এ বিষয়ে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু তাহের মোহাম্মদ রাশেদুল ইসলাম বলেন, আন্দোলনরত শিক্ষার্থীরা কয়েকটি পরীক্ষাকেন্দ্রে অসৌজন্যমূলক আচরণের অভিযোগ করেছেন। তাদের কাছ থেকে সুনির্দিষ্ট তথ্য চাওয়া হয়েছে। এছাড়া উত্তরপত্র মূল্যায়ন নিয়েও শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ ছিল। তাদের জানানো হয়েছে, পরীক্ষা কেন্দ্রে শৃঙ্খলা বজায় রাখতে কঠোরতা থাকলেও উত্তরপত্র মূল্যায়নের ক্ষেত্রে নির্ধারিত নীতিমালা অনুসরণ করা হয় এবং অযৌক্তিক কঠোরতা প্রদর্শনের সুযোগ নেই। এদিকে, সম্ভাব্য অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে শিক্ষা বোর্ড এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। বরিশাল এয়ারপোর্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাখাওয়াত হোসেন বলেন, পরিস্থিতি শান্তিপূর্ণ রাখতে আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক অবস্থানে রয়েছে এবং সার্বিক পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

## ২৬ কার্যদিবসের বাজেট

হয়েছে। প্রধানমন্ত্রীর উত্তরদানের জন্য ২৭৮টি প্রশ্ন জমা পড়ে, যার মধ্যে ৩৫টি প্রশ্নের উত্তর টেবিলে উত্থাপিত হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রীদের জন্য ৫ হাজার ৩১টি প্রশ্ন জমা পড়ে এবং ৩ হাজার ৪৭৪টি প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এই অধিবেশনে সংবিধান সংশোধন-সংক্রান্ত বিশেষ কমিটিসহ মোট ১১টি কমিটি গঠিত হয়েছে এবং কার্য উপদেষ্টা কমিটি পুনর্গঠিত হয়েছে। সবশেষ ডেপুটি স্পিকার দেশ ও জাতির অব্যাহত সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। সবার প্রতি সশ্রদ্ধ অভিবাদন ও আন্তরিক শুভকামনা জানিয়ে দ্বিতীয় অধিবেশনের সমাপ্তি সংক্রান্ত রাষ্ট্রপতির আদেশ পাঠ করেন।

## সরকারের অহংকারী মনোভাব

নিক্ষেপে করা হয়েছে। আর একটি শিক্ষার্থীর গায়েও যেন লাঠি বা বুটের আঘাত না পড়ে। কাউকে যেন গ্রেফতার না করা হয়। সরকারের উচিত অহংকারী মনোভাব ও গোয়ার্তুমি বাদ দিয়ে শিক্ষার্থীদের সঙ্গে সংলাপে বসে দ্রুত সমস্যার সমাধান করা। তা না হলে এ শিক্ষার্থীদের হাত ধরেই সরকারের পতন ত্বরান্বিত হবে। বুধবার (১৫ জুলাই) দুপুরে বগুড়ার নামাজগড় আঞ্জুমান-ই-গোরস্তানে জুলাই আন্দোলনে শহীদ রাতুল, শহীদ সিয়াম শুভ ও শহীদ শিমুলের কবর জিয়ারত শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। এ সময় দেশের স্বাধীনতা ও স্বৈরাচার বিরোধী আন্দোলনে শহীদ হওয়া ওসমান হাদীসহ সকল শহীদের আত্মত্যাগকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। সারাদেশে শিক্ষার্থীদের চলমান আন্দোলন ও শিক্ষা সংস্কারের দাবি প্রসঙ্গে নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, কতটুকু কষ্টে থাকলে পরীক্ষার হল ছেড়ে একজন শিক্ষার্থী রাজপথে চলে যায়। ২০১৮ বা ২০২৪ সালের আন্দোলন ছিল কর্মসংস্থানের জন্য, আর এখনকার আন্দোলন শিক্ষা সংস্কারের জন্য। একে নিছক ছোটোখাটো আন্দোলন হিসেবে না দেখে শিক্ষা সংস্কার আন্দোলন হিসেবে দেখতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রীর ব্যর্থতা থাকলে তাকে পদত্যাগ করিয়ে ছাত্রসমাজের কাছে ক্ষমা চাইতে হবে। নাসীরুদ্দীন পাটওয়ারী ভারতের সঙ্গে কূটনৈতিক সম্পর্কের ঘাটতির কথা উল্লেখ করে বলেন, বর্তমান সরকার ভারতের সঙ্গে সেই ধরনের ডিপ্লোমেসির সক্ষমতা হারিয়েছে, যার কারণে শেখ হাসিনাকে ফিরিয়ে এনে বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে পারছে না। আমরা অতীতে দ্বিপাক্ষিক চুক্তির মাধ্যমে ভারতের বিচ্ছিন্নতাবাদীদের ফেরত দিয়েছি। তাহলে বাংলাদেশ থেকে পালিয়ে যাওয়া সন্ত্রাসীদের ভারত কেন ফেরত দিচ্ছে না? সরকার ভারতের সঙ্গে সমঝোতা করার কারণেই শেখ হাসিনাকে আনতে পারছে না এবং এ জায়গায় সরকার চরমভাবে ব্যর্থ। ইনশাআল্লাহ, আমরা ক্ষমতায় আরোহণ করে শেখ হাসিনাকে বাংলার মাটিতে এনে বিচার করব।

## দুর্যোগে এইচএসসি পরীক্ষা

জন্য বিশেষ ব্যবস্থায় পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হবে। এছাড়া পদার্থবিজ্ঞান প্রথম পত্রের পরীক্ষায় ভুল প্রশ্ন থাকায় পরীক্ষার্থীদের ওই দুই প্রশ্নে পূর্ণ নম্বর দেওয়া হবে। বুধবার (১৫ জুলাই) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে ৩০০ বিধিতে দেওয়া এক বিবৃতিতে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন এসব কথা জানান। এ সময় অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। সংসদে দেওয়া বিবৃতিতে শিক্ষামন্ত্রী জানান, ২০২৬ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষায় সারাদেশে ২ হাজার ৬৯৭টি পরীক্ষা কেন্দ্রে ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। কিন্তু সম্প্রতি ভারী বর্ষণ ও বৈরী আবহাওয়ার কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীন পাঁচ জেলা চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি ও বান্দরবানে অনুষ্ঠিতব্য পরীক্ষা স্থগিত করা হয়েছে। তিনি বলেন, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের বাইরেও দেশের কয়েক জেলায় বিচ্ছিন্নভাবে কিছু পরীক্ষার্থী বৈরী আবহাওয়া ও বন্যা পরিস্থিতির কারণে নির্ধারিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। প্রতিকূল আবহাওয়া কিংবা সংশ্লিষ্ট অনিবার্য কারণে যারা চলমান এইচএসসি পরীক্ষায় অংশ নিতে পারেনি, তারা শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় সংশ্লিষ্ট বোর্ডের প্রস্তুত করা অভিন্ন প্রশ্নপত্রে নির্ধারিত একই তারিখে পরীক্ষা দেওয়ার সুযোগ পাবে। শিক্ষামন্ত্রী বলেন, এইচএসসি পরীক্ষা শিক্ষার্থীদের জীবনে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ধাপ। তাই বিশেষ বিবেচনায় পরীক্ষার্থীদের এই বিশেষ সুযোগ প্রদান করা হলো। পদার্থবিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রের ভুলের বিষয়টি সংসদে তুলে ধরে শিক্ষামন্ত্রী পরীক্ষার্থীদের আশ্বস্ত করেন। তিনি বলেন, পদার্থবিজ্ঞান প্রথম পত্রে ভুল প্রশ্নপত্র প্রণয়নের জন্য দায়ী ব্যক্তিদের এরই মধ্যে সাময়িক বরখাস্ত করা হয়েছে। তিনি মন্ত্রী বলেন, পদার্থবিজ্ঞান প্রথম পত্রের ৬ নম্বর ও ৭ নম্বর প্রশ্নে যে ভুল হয়েছে, তার জন্য সব পরীক্ষার্থীকে ওই প্রশ্নগুলোর পূর্ণ নম্বর দেওয়া হবে।

## শেখ হাসিনার আত্মসমর্পণের

শেখ হাসিনার আত্মসমর্পণের কোনো সুযোগ নেই। তিনি বলেন, এক্সট্রাডিশন (প্রত্যর্পণ) চুক্তি অনুযায়ী তাকে দেশে ফিরিয়ে আনার জন্য সরকারের পক্ষ থেকে আনুষ্ঠানিক পত্র পাঠানো হয়েছে। দেশে ফিরিয়ে এনেই তাকে গ্রেফতার করা হবে এবং আদালতের রায় কার্যকর করা হবে। বুধবার (১৫ জুলাই) বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত 'গণঅভ্যুত্থানের বাঁক বদলের দিন' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিদেশে পলাতক ফ্যাসিবাদী সরকারের মন্ত্রী, এমপি ও কর্মকর্তাদের ফিরিয়ে আনতে ইন্টারপোলের মাধ্যমে অ্যারেস্ট ওয়ারেন্ট জারি করা হয়েছে এবং এরই পরিপ্রেক্ষিতে সাবেক আইজিপি বেনজীর আহমেদকে গ্রেফতার করা হয়েছে। আওয়ামী লীগকে রাজনৈতিক দল হিসেবে নিষিদ্ধ বা বিচারের মুখোমুখি করার প্রসঙ্গে মন্ত্রী বলেন, আমরা কোনো প্রশাসনিক আদেশে বা এক্সিকিউটিভ অর্ডারে কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ করার পক্ষে নই। আমরা চাই সম্পূর্ণ আইনানুগ ও বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে ফ্যাসিবাদের দোসর এই সংগঠনের রাজনৈতিক ভাগ্য নির্ধারিত হোক। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল (আইসিটি) অ্যাক্ট এবং সন্ত্রাসবিরোধী আইনে প্রয়োজনীয় সংশোধন আনা হয়েছে, ফলে ব্যক্তি হিসেবে শেখ হাসিনার পাশাপাশি আওয়ামী লীগকে দল হিসেবেও বিচারের কাঠগড়ায় দাঁড় করানো যাবে। তাছাড়া বাংলাদেশের সংবিধানের ৪৭ অনুচ্ছেদ অনুযায়ী গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধের দায়ে সংগঠন হিসেবেও বিচারের স্পষ্ট বিধান রয়েছে। সালাহউদ্দিন আহমদ দুঃখ প্রকাশ করে বলেন, এত বড় ম্যাসাকার বা হত্যাকাণ্ডের পরেও আওয়ামী লীগ ও তার নেত্রীর মনে কোনো অনুশোচনা বা ক্ষমা প্রার্থনার বালাই নেই, উল্টো তারা জুলাইয়ের বীর যোদ্ধাদের জঙ্গিবাদী আখ্যা দিয়ে পুনরায় রাজনীতিতে ফেরার ঘৃণ্য স্বপ্ন দেখছে। আওয়ামী লীগের ইতিহাস মানেই রক্ষীবাহিনী দিয়ে ৩০ হাজার মুক্তিযোদ্ধাকে হত্যা, ধর্ষণের সেঞ্চুরি, একদলীয় বাকশাল কায়েম এবং ছাত্র রাজনীতিকে কলঙ্কিত করার ইতিহাস।

## সব সুযোগ-সুবিধা নিয়ে

নিশ্চিত করতে এক যুগান্তকারী পদক্ষেপের ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বর্তমান সরকারের পর্যায়ক্রমিক সব কল্যাণমুখী নাগরিক সুবিধা একটি একক কার্ডের আওতায় নিয়ে আসার মহাপরিকল্পনা নেওয়া হয়েছে, যার নাম দেওয়া হয়েছে 'ইউনিভার্সাল কার্ড'। বুধবার (১৫ জুলাই) জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন এবং প্রথম বাজেট সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী এই ঘোষণা দেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। তারেক রহমান বলেন, রাষ্ট্র যদি তার নাগরিকদের দায় মেটাতে ব্যর্থ হয়, তবে জনগণ এবং রাষ্ট্র উভয়ই দুর্বল হয়ে পড়ে। তাই ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, স্পোর্টস কার্ড, প্রবাসী কার্ড কিংবা ইমাম-মুয়াজ্জিন ও ধর্মীয় গুরুদের জন্য দেওয়া বিশেষ কার্ডের মতো সুযোগ-সুবিধাগুলো জনগণের প্রতি রাষ্ট্রের কোনো করুণা বা দয়া নয়, বরং এটি রাষ্ট্রের পরম দায়িত্ব। এই দায়িত্ব পালনের অংশ হিসেবেই ভবিষ্যতে আলাদা আলাদা সব কার্ডের সমন্বয়ে এই সর্বজনীন বা 'ইউনিভার্সাল কার্ড' চালু করা হবে। এর মাধ্যমে নাগরিকরা একক পরিচয় ও কার্ডে সব সরকারি সুযোগ-সুবিধা লাভ করবেন। এসময় দেশের কৃষিখাত ও প্রান্তিক কৃষকদের অধিকার এবং যন্ত্রণার কথা বিশদভাবে তুলে ধরেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, এই দেশের অধিকাংশ মানুষ কোনো না কোনোভাবে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির সঙ্গে জড়িত। এই বিশাল জনগোষ্ঠীর অর্থনৈতিক মুক্তি ছাড়া সামগ্রিক উন্নয়ন অসম্ভব। সে কারণেই বিগত জাতীয় নির্বাচনের আগে বাংলাদেশ জাতীয়তাবাদী দল দেশের আপামর কৃষকদের কাছে একটি সুনির্দিষ্ট প্রতিশ্রুতি দিয়েছিল। প্রতিশ্রুতিটি ছিল, যদি দলটি জনগণের ম্যান্ডেট নিয়ে সরকার গঠনে সক্ষম হয়, তবে ১০ হাজার টাকা পর্যন্ত বকেয়া থাকা সব কৃষকের কৃষি ঋণ সুদসহ মওকুফ করে দেওয়া হবে। প্রধানমন্ত্রী অত্যন্ত আনন্দের সঙ্গে সংসদকে অবহিত করে বলেন, সরকার গঠন করার পর প্রথম ক্যাবিনেট মিটিংয়েই এই প্রতিশ্রুতি বাস্তবায়নে প্রথম ও প্রধান সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর ফলে সমগ্র বাংলাদেশে প্রায় ১৩ লাখ প্রান্তিক কৃষক- যাদের ঋণ ১০ হাজার টাকা পর্যন্ত ছিল, তাদের সুদসহ বকেয়া ঋণ সম্পূর্ণভাবে মওকুফ করে দেওয়া হয়েছে। এটি কোনো কাগুজে পরিকল্পনা নয়, বরং এরই মধ্যে মাঠপর্যায়ে এর সুফল কৃষকরা ভোগ করতে শুরু করেছেন। সরকার পরিচালনার মূল লক্ষ্যই যে দেশের সাধারণ মানুষ, এই পদক্ষেপ তারই চাক্ষুষ প্রমাণ। প্রধানমন্ত্রী তার বক্তব্যের একটি বড় অংশজুড়ে সামাজিক সুরক্ষামূলক কর্মসূচির গুরুত্ব এবং এই প্রক্রিয়ায় দেশের সব রাজনৈতিক শক্তির ঐক্যের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি সংসদকে জানান যে, যখন একজন বিরোধীদলীয় সংসদ সদস্য দাঁড়িয়ে তার নিজ এলাকায় কবে ফ্যামিলি কার্ড প্রদান করা হবে তা জানতে চান, তখন তিনি অত্যন্ত আশাবাদী হয়ে উঠেছেন। ফ্যামিলি কার্ডের মতো কল্যাণমুখী সামাজিক পলিসিকে সমর্থন জানানোর জন্য তিনি বিরোধীদলীয় নেতাসহ বিরোধী দলের সব সংসদ সদস্যকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।

## বরিশালে ঘুরতে গিয়ে চাঁদাবাজি দেখলেন

মাঝি আদালতকে জানিয়েছেন, সাঈম নামের এক ব্যক্তি লোকজন দিয়ে প্রতিদিন নৌকা ও ট্রলারপ্রতি ৫০ টাকা করে চাঁদা আদায় করেন। আগে কখনো তাঁদের এ ধরনের চাঁদা দিতে হয়নি। চাঁদাবাজির কারণে তাঁরা হয়রানির শিকার হচ্ছেন। পর্যটকদের ওপরও এর প্রভাব পড়ছে। আদালত পর্যবেক্ষণে আরও বলেন, এ ধরনের কর্মকাণ্ড গুরুতর আইন লঙ্ঘন এবং শাস্তিযোগ্য ফৌজদারি অপরাধ। জনস্বার্থ ও ন্যায়বিচারের স্বার্থে এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এ কারণে একজন পুলিশ কর্মকর্তাকে এজাহারকারী করে মামলা করার নির্দেশ দেওয়া হলো। কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আল মামুন ইসলাম বলেন, আদালতের নির্দেশনার বিষয়টি শুনেছেন। তবে আদেশের অনুলিপি হাতে পাননি। আদেশ পাওয়ার পর প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

## ১৮ জুলাইয়ের বরিশাল বিভাগীয়

আনোয়ার হোসাইন, থানা নায়েবে আমির অধ্যাপক গোলাম গোফরান, থানা সেক্রেটারি জাবের হাসান, ব্যাংকার্স বিভাগের সেক্রেটারি ফারুক আহমেদ তালুকদার, কোতয়ালী উত্তর থানার সহকারী সেক্রেটারি অধ্যাপক মুহাম্মদ জাহাঙ্গীর কবির এবং থানা কর্মপরিষদ সদস্য মোকছেদুর রহমান, আব্দুস সত্তার খান ও বায়জীদ বোস্তামীসহ স্থানীয় নেতৃবৃন্দ। মিছিলটি বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে শান্তিপূর্ণভাবে শেষ হয়। এ সময় অংশগ্রহণকারী নেতাকর্মীরা ১৮ জুলাইয়ের বিভাগীয় সমাবেশ সর্বাত্মকভাবে সফল করার আহ্বান জানিয়ে বিভিন্ন স্লোগান দেন।

## মঠবাড়িয়া খাসমহল লতীফ ইনস্টিটিউশনে

প্রশ্নপত্রে দেখা যায়, পরীক্ষার প্রশ্ন পত্রে প্রায় ৭০/৮০টি বানান ভুল। এছাড়া গতকালের দশম শ্রেণির ২০২৬ সালের প্রাক-নির্বাচনী বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা প্রশ্নপত্রে বঙ্গবন্ধুকে নিয়ে প্রশ্ন আসায় ক্ষোভ প্রকাশ করেন স্থানীয় বিএনপি নেতাকর্মী ও অভিভাবকরা। স্থানীয় পৌর বিএনপির সাধারণ সম্পাদক ও বিদ্যালয়ের এডহক কমিটির অভিভাবক সদস্য মিজানুর রহমান বলেন, ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানের প্রশ্নের মান যদি এই হয় তাহলে লেখাপড়ার মান নিয়ে প্রশ্ন উঠবে। তিনি আরও বলেন, বর্তমান সরকারের ভাবমূর্তি নষ্ট করতেই কিছু কুচক্রীমহল এমন ভুলে ভরা প্রশ্ন তৈরি করতে পারে। বিষয়টা ক্ষতিয়ে দেখতে হবে। এ বিষয়ে খাসমহল লতিফ ইনস্টিটিউশনের প্রধান শিক্ষক মো. খলিলুর রহমান বলেন, প্রি-টেস্ট ও টেস্ট পরীক্ষার প্রশ্ন আমরা নিজেরা প্রণয়ন করি না। বিভিন্ন প্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে প্রশ্ন সংগ্রহ করা হয়েছে। পরীক্ষা কমিটি পরীক্ষার দিনই তা খোলে। আগে থেকে প্রশ্ন দেখার কোনও সুযোগ থাকে না। উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তরের একাডেমিক সুপারভাইজার নজরুল ইসলাম বলেন, স্কুলের প্রশ্ন বাইরে থেকে করার সুযোগ নেই। সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষকের কাছ থেকেই প্রশ্ন নেওয়ার কথা। বর্তমান প্রেক্ষাপটে এ ধরনের প্রশ্ন এড়িয়ে চলা উচিত ছিল। তাছাড়া বানান ভুলের ছড়ছড়ির বিষয়টিও গ্রহণযোগ্য নয়। প্রতিষ্ঠানের পরীক্ষা কমিটির প্রশ্নটি যাচাই-বাছাই করা প্রয়োজন ছিল। বিষয়টি খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হবে।

## পাহাড়ধস-বন্যায় মৃত্যু

মৌলভীবাজারে ১ জন মারা গেছেন। আহতদের মধ্যে খাগড়াছড়িতে ১ জন, বান্দরবানে ২ জন, কক্সবাজারে ২৫ জন (স্থানীয় ২০ ও রোহিঙ্গা ৫) এবং চট্টগ্রামে ১২ জন রয়েছেন। ক্ষয়ক্ষতির পাশাপাশি ত্রাণ কার্যক্রমও অব্যাহত রয়েছে। কক্সবাজারে নগদ অর্থ, চাল ও ঢেউটিনসহ বিভিন্ন ধরনের ত্রাণ বরাদ্দ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকেও অতিরিক্ত ২০ লাখ টাকা দেওয়া হয়েছে। চট্টগ্রামে বরাদ্দ দেওয়া হয়েছে ৬৫ লাখ টাকা, ১ হাজার ২০০ মেট্রিক টন চাল এবং ৪৯ হাজার ১০০ প্যাকেট শুকনো খাবার। ত্রাণ মন্ত্রণালয় জানিয়েছে, ৭ জুলাই থেকে ১২ জুলাই পর্যন্ত বিভিন্ন দফায় বন্যা ও অতিবৃষ্টিপ্রবণ জেলাগুলোর জন্য নগদ অর্থ ও চাল বরাদ্দ দেওয়া হয়েছে। সর্বশেষ হিসেবে সাত জেলার জন্য অতিরিক্ত ১ কোটি ৭৫ লাখ টাকা এবং ৩ হাজার ২৫০ মেট্রিক টন চাল বরাদ্দ দেওয়া হয়েছে। এছাড়া ৬৪ জেলার সাধারণ ত্রাণ কার্যক্রমের জন্য মোট ৪ কোটি ৬০ লাখ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

## দক্ষ জনশক্তি গড়তে পরিকল্পিত

বলেন, সমৃদ্ধশালী বাংলাদেশ গড়তে পরিকল্পিত, মেধাবী ও প্রযুক্তিনির্ভর পরিবার গড়ে তোলাই আমাদের লক্ষ্য হওয়া উচিত। শুধু জনসংখ্যা বৃদ্ধি নয়, দক্ষ মানবসম্পদ গড়ে তোলার দিকেই সর্বাধিক গুরুত্ব দিতে হবে। তরুণদের মেধা, উদ্ভাবনী ক্ষমতা এবং নতুন প্রযুক্তি দ্রুত আয়ত্ত করার সক্ষমতা রয়েছে। এই সম্ভাবনাকে কাজে লাগিয়ে আধুনিক ও প্রযুক্তিনির্ভর দক্ষ জনশক্তি তৈরিতে কাজ করতে হবে। বরিশাল বিভাগীয় পরিবার পরিকল্পনা দপ্তরের পরিচালক মো. আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য দেন, বিভাগীয় স্বাস্থ্য কার্যালয়ের উপপরিচালক ডা. মোহাম্মদ লোকমান হাকিম, উপপুলিশ কমিশনার সুশান্ত সরকার ও সিভিল সার্জন ডা. এস. এম. মনজুর-এ-এলাহী। এ সময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি, তরুণ প্রজন্ম উপস্থিত ছিলেন। সভা শেষে প্রধান অতিথি বরিশাল বিভাগীয়, জেলা ও উপজেলার পর্যায়ে কর্মরত শ্রেষ্ঠ কর্মীদের হাতে পুরস্কার তুলে দেওয়া দেন।

## বরিশালে বাণিজ্য মেলা শেষে

সকালে স্থানীয় লোকজন নিয়ে আমাদের উদ্যোক্তাদের ওপর হামলা করেছে। পরে কোনো রকম মেলার টিনের বেড়া ভেঙে পালিয়ে এসে জেলা প্রশাসকের কাছে লিখিত অভিযোগ দিয়েছি। আমরা এই জিম্মিদশা থেকে মুক্ত হয়ে নিজ নিজ গ্রামের বাড়িতে ফিরে যেতে চাই। আটকে রাখার অভিযোগ অস্বীকার করে মেলা কমিটির সদস্য দিন ইসলাম বলেন, মেলায় অংশ নেওয়া ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের আলোচনা করেই ১৫ জুলাই থেকে মেলার মেয়াদ চারদিন বাড়ানো হয়েছে। যেহেতু মেলায় ব্যবসায়ী এবং আয়োজক উভয় পক্ষেরই ক্ষতি হয়েছে তাই তাদের থেকে যেতে বলা হয়েছে। এখানে কাউকে জিম্মি করা হয়নি। তারা যেতে চাইলে তো আমাদের আটকে রাখার সুযোগ নেই। উদ্যোক্তাদের মারধরের বিষয়টি ভুল বোঝাবুঝি দাবি করে তিনি বলেন, বিষয়টি স্থানীয়ভাবে সমাধান করা হয়েছে। মেলায় অংশ নেওয়া ব্যবসায়ী এবং উদ্যোক্তাদের অভিযোগ, সবুজ নামের ব্যক্তি চেম্বারের পক্ষ হয়ে মেলার আয়োজন করেছে। কিছুদিন আগেও তিনি নারায়ণগঞ্জের রূপগঞ্জের মেলায় উদ্যোক্তাদের সঙ্গে একই ঘটনা ঘটিয়েছেন। সেসময় ব্যবসায়ীরা ৯৯৯-এ ফোন করে জিম্মি দশা থেকে উদ্ধার হয়। বরিশালেও সেই একই কাজ করেছেন সবুজ। তবে এ বিষয়ে সবুজ নামের ওই ব্যক্তির সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি সব অস্বীকার করেছেন। মেলার সময় বৃদ্ধি হয়নি জানিয়ে আয়োজক সংস্থা বরিশাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সভাপতি এবায়দুল হক চাঁন বলেছেন, কয়েকদিন আগেই মেলা সমাপ্ত ঘোষণা করা হয়েছে। তিনি বলেন, চেম্বারের পক্ষ থেকে যতদূর জেনেছি, যারা ব্যবসায়ীদের সঙ্গে চুক্তি করেছে তারা স্টল মালিক এবং উদ্যোক্তাদের কাছে টাকা পাবে। আমি উভয় পক্ষের সঙ্গে কথা বলেছি। সেই টাকা নিয়ে বিরোধ সৃষ্টি হয়েছে। বিষয়টি আমি সমাধানের চেষ্টা করছি। এ প্রসঙ্গে বরিশালের জেলা প্রশাসক মামুন খন্দকার বলেন, মেলার স্টলের উদ্যোক্তাদের একটি লিখিত অভিযোগ পেয়েছি। তবে আমি এখানে নতুন এসেছি। মেলা সম্পর্কে বিস্তারিত খোঁজ-খবর না নিয়ে কিছু বলা সম্ভব নয়। অভিযোগের প্রমাণ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

## আগৈলঝাড়ায় জুলাই শহিদ দিবস উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা

**আগৈলঝাড়া প্রতিনিধি**

বরিশালের আগৈলঝাড়ায় জুলাই শহিদ দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে বৃহস্পতিবার সকল মসজিদে দোয়া মোনাজাত, মন্দির গীর্জায় প্রার্থণা ও উপজেলা পরিষদ হলরুমে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। গতকাল বুধবার সকালে উপজেলা পরিষদ হলরুমে নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদারের সভাপতিত্বে বক্তব্য রাখেন, আগৈলঝাড়া থানার ওসি (তদন্ত) সুশংকর মল্লিক, উপজেলা বিএনপি'র ভারপ্রাপ্ত আহ্বায়ক সিকদার হাফিজুর রহমান, সদস্য সচিব মোল্লা বশির আহম্মেদ পান্না, বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা, উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক আলাউদ্দিন মিয়া, প্রেসক্লাব সভাপতি শামীমুল ইসলাম শামীম, উপজেলা এনসিপি'র আহ্বায়ক মাজহারুল ইসলাম নিপু, উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সাধারণ সম্পাদক কাজল দাশগুপ্ত, উপজেলা মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ফারহানা আক্তার, উপজেলা ইমাম সমিতির সভাপতি মাওলানা ফজলুল হক, উপজেলা পুজা উদযাপন পরিষদের সভাপতি যতীন্দ্র নাথ মিস্ত্রী, জুলাই যোদ্ধা আবুল মোল্লা, হাবিবুর রহমান মুন্সি, উপজেলা বিএনপি'র যুগ্ম আহ্বায়ক সামচুল হক খোকন, উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি ফিরোজ রাসেল প্রমুখ।

## নিখোঁজের ২ দিন পর জেলের মরদেহ উদ্ধার

**কুয়াকাটা প্রতিনিধি**

কুয়াকাটায় মাছ শিকারে গিয়ে বজ্রপাতের কবলে পড়ে নিখোঁজ থাকার দুই দিন পর রুবেল হাওলাদার নামে (২৮) এক জেলের মরদেহ উদ্ধার করা হয়েছে। বুধবার (১৫ জুলাই) দুপুরে কুয়াকাটা সৈকতের চর গঙ্গামতি এলাকা থেকে মরদেহটি উদ্ধার করা হয়। নিহত রুবেল রাঙ্গাবালী উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নের ১২ নম্বর ডিগ্রির মাঝগ্রাম এলাকার আবুল কালাম হাওলাদারের ছেলে। তিনি নিজ মালিকানাধীন মাছ ধরার ট্রলারের মাঝি ছিলেন। পুলিশ জানায়, এর আগে গত সোমবার বেলা ১১টার দিকে রাবনাবাদ চ্যানেলে পায়রা সমুদ্রবন্দরের তিন নম্বর বয়া সংলগ্ন গনির টেক এলাকায় মাছ ধরার সময় আকস্মিক বজ্রপাত ঘটে। এসময় রুবেল আক্রান্ত হলে ট্রলার থেকে নদীতে পড়ে নিখোঁজ হন। এ ঘটনায় একই ট্রলারে থাকা আরও তিন জেলে আহত হন। পরে স্থানীয় জেলেরা আহতদের উদ্ধার করলেও রুবেলকে খুঁজে পাওয়া যায়নি। বুধবার মরদেহটি গঙ্গামতি চড়ে দেখতে পায় স্থানীয়রা। কুয়াকাটা নৌ-পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. মনিরুজ্জামান জানান, খবর পেয়ে মরদেহটি উদ্ধার করা হয়েছে। এই জেলে বজ্রপাতের কবলে পড়ে নিখোঁজ হয়েছিলেন বলে জানতে পেরেছি। তার পরিবার মরদেহ শনাক্ত করেছে। পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## অস্তিত্ব সংকটে কাটাখালী খাল স্লুইসগেট নির্মাণের দাবি

**রাঙ্গাবালি প্রতিনিধি**

পটুয়াখালীর রাঙ্গাবালীতে কাটাখালী খালটি জলজ আগাছা এবং নাম না জানা জলজ উদ্ভিদে ভরে গিয়ে প্রায় অস্তিত্ব হারানোর পথে। একসময় চার গ্রামের মানুষের নৌ-যোগাযোগের প্রধান মাধ্যম হিসেবে ব্যবহৃত খালটি এখন নৌকা-ট্রলার চলাচলের সম্পূর্ণ অনুপযোগী হয়ে পড়েছে। ফলে বর্ষা মৌসুমে চরম দুর্ভোগে পড়েছেন কয়েক হাজার মানুষ। উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নের কাটাখালী গ্রামের গুরুত্বপূর্ণ এ খালটি পুনরুদ্ধার এবং পশ্চিম কাটাখালী বেড়িবাঁধে দ্রুত একটি স্লুইসগেট নির্মাণের দাবি জানিয়েছেন স্থানীয়রা। স্থানীয় সূত্র জানায়, ২০১৯ সালে প্রায় ৪ কিলোমিটার দীর্ঘ কাটাখালী খালটি খনন করা হলেও নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাবে বর্তমানে পুরো খাল জলজ আগাছায় ঢেকে গেছে। অনেক স্থানে খালের অস্তিত্বই খুঁজে পাওয়া কঠিন হয়ে পড়েছে। বর্ষা এলেই এলাকার কাঁচা সড়কগুলো কাদায় চলাচলের অযোগ্য হয়ে পড়ে। এখন খালপথই চার গ্রামের মানুষের একমাত্র ভরসা। কিন্তু খালটি আগাছায় বন্ধ হয়ে যাওয়ায় যাতায়াত, কৃষিপণ্য ও ব্যবসায়িক মালামাল পরিবহন, এমনকি জরুরি রোগী হাসপাতালে নেওয়াও কঠিন হয়ে পড়েছে। স্থানীয় বাসিন্দা মো. আলম দফাদার বলেন, আমার মেয়ে অসুস্থ হয়ে পড়লে খারাপ রাস্তার কারণে উপজেলা হাসপাতালে নিতে চরম ভোগান্তি পোহাতে হয়েছে। অতিরিক্ত টাকা খরচ করে চিকিৎসা করাতে হয়েছে। খালটি চলাচলের উপযোগী থাকলে এত দুর্ভোগ হতো না। পশ্চিম কাটাখালী বেড়িবাঁধে একটি স্লুইসগেট নির্মাণ হলে এ সমস্যা অনেকটাই দূর হবে। কাটাখালী বাজারের ব্যবসায়ী আল আমিন মৃধা বলেন, কাটাখালী একটি ঐতিহ্যবাহী বাজার। বর্ষা মৌসুমে কাঁচা রাস্তা দিয়ে দোকানের মালামাল আনা যায় না। আগে খালপথে নৌকায় মালামাল আনতাম। এখন আগাছার কারণে নৌকাও চলতে পারে না। এতে ব্যবসা মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। দ্রুত স্লুইসগেট নির্মাণ ও খাল পরিষ্কার না হলে বাজারের ব্যবসা আরও সংকটে পড়বে। এলাকাবাসীর দাবি, পশ্চিম কাটাখালী বেড়িবাঁধে দ্রুত একটি স্লুইস গেট নির্মাণ এবং কাটাখালী খাল থেকে জলজ আগাছা অপসারণের উদ্যোগ নেওয়া হোক। এতে নৌ-যোগাযোগ পুনরায় সচল হবে, জলাবদ্ধতা কমবে এবং বর্ষা মৌসুমে চার গ্রামের মানুষের দীর্ঘদিনের দুর্ভোগ লাঘব হবে। কলাপাড়া পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী শাহ্ আলম জানান, স্লুইসগেট নির্মাণ প্রকল্পের নকশা (ডিজাইন) অনুমোদিত হয়েছে এবং ব্যয় প্রাক্কলন (স্টিমেট) প্রস্তুত রয়েছে। প্রয়োজনীয় প্রশাসনিক অনুমোদন পেলেই নির্মাণকাজ শুরু করা হবে। দীর্ঘদিন ধরে অবহেলায় পড়ে থাকা কাটাখালী খাল দ্রুত পুনরুদ্ধার ও স্লুইসগেট নির্মাণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের জরুরি উদ্যোগ কামনা করেছেন স্থানীয় বাসিন্দারা।

## ১২ মাসের বিল বকেয়া থাকায়

দেন। পরে বিদ্যালয় কর্তৃপক্ষ পাশের একটি সাইড লাইন থেকে অবৈধভাবে বিদ্যুৎ সংযোগ নিয়েছে বলেও অভিযোগ উঠেছে। স্থানীয়দের দাবি, ১৯০৯ সালে মরহুম হেলাল উদ্দিন আহম্মেদ প্রতিষ্ঠিত শতবর্ষী এ বিদ্যালয়টি দীর্ঘদিন ধরে সুনামের সঙ্গে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। তবে বিদ্যালয়ের তহবিলে প্রায় ১৬ লাখ টাকা নগদ অর্থ থাকার পরও মাত্র ৩২ হাজার ৭২৯ টাকার বিদ্যুৎ বিল পরিশোধ না করায় সংযোগ বিচ্ছিন্ন হওয়াকে তারা দায়িত্বে অবহেলার উদাহরণ হিসেবে দেখছেন। তাদের অভিযোগ, প্রধান শিক্ষকের গাফিলতির কারণেই এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সরেজমিনে বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, বিদ্যুৎ না থাকায় শ্রেণিকক্ষে পাঠদান ব্যাহত হচ্ছে। একাধিক শিক্ষার্থী জানায়, প্রচণ্ড গরমে বিদ্যুৎ না থাকায় তারা লেখাপড়ায় চরম ভোগান্তির শিকার হচ্ছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাহিদ হোসেন প্রথমে লাইন কেটে দেওয়ার বিষয়টি অস্বীকার করলেও পরে স্বীকার করে বলেন, আমাদের স্কুলের ফান্ডে প্রায় ১৬ লাখ টাকা রয়েছে। তবে বিভিন্ন জটিলতার কারণে সেই টাকা উত্তোলন করতে পারিনি। পল্লী বিদ্যুৎ অফিসের কাছে চলতি মাসের ৫ তারিখ পর্যন্ত সময় চেয়েছিলাম। তারা এত দ্রুত সংযোগ বিচ্ছিন্ন করবে, তা ভাবিনি। অবৈধভাবে পাশের লাইন থেকে বিদ্যুৎ সংযোগ নেওয়ার অভিযোগ সম্পর্কে জানতে চাইলে তিনি এ বিষয়ে সন্তোষজনক কোনো ব্যাখ্যা দিতে পারেননি। সুটিয়াকাটি ইউনিয়ন হাই স্কুলের সাবেক ম্যানেজিং কমিটির কার্যনির্বাহী সদস্য হাজী মোহাম্মদ শহীদুল্লাহ বলেন, বিদ্যালয়ের তহবিলে ১৬ লাখ টাকা থাকা সত্ত্বেও এক বছরের বিদ্যুৎ বিল বকেয়া রাখা কেন হয়েছে, তা বোধগম্য নয়। বিষয়টি পরবর্তী ম্যানেজিং কমিটির সভায় আলোচনা করা হবে। বিদ্যুৎ বিল বকেয়া রাখা অত্যন্ত দুঃখজনক। এ বিষয়ে পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতির স্বরূপকাঠি জোনাল অফিসের ডিজিএম মো. জানে আলম বলেন, পল্লী বিদ্যুতের নিয়ম অনুযায়ী এক থেকে দুই মাসের বেশি বিল বকেয়া থাকলে সংযোগ বিচ্ছিন্ন করার নির্দেশনা রয়েছে। সুটিয়াকাঠী ইউনিয়ন হাই স্কুলের ১২ মাসের মোট ৩২ হাজার ৭২৯ টাকা বকেয়া ছিল। একাধিকবার মৌখিক ও লিখিতভাবে জানানো হলেও কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নেয়নি। তাই বাধ্য হয়ে সংযোগ বিচ্ছিন্ন করা হয়েছে। অবৈধভাবে বিদ্যুৎ সংযোগ নেওয়ার বিষয়ে তিনি আরও বলেন, অবৈধ সংযোগের কোনো সুযোগ নেই। যদি এমন কোনো সংযোগ দেওয়া হয়ে থাকে, তাহলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## পাথরঘাটায় ৫ ঘণ্টা পর নিখোঁজ

শ্রমিক একটি ইঞ্জিনচালিত ট্রলারে করে পদ্মা স্লুইস এলাকা থেকে রওনা দেন। মাঝের খাল এলাকায় পৌঁছালে হঠাৎ বৈরী আবহাওয়ার কারণে নদীতে প্রবল ঢেউয়ের সৃষ্টি হয়। এতে মুহূর্তের মধ্যে ট্রলারটি উল্টে গেলে সবাই নদীতে পড়ে যান। পরে শ্রমিকরা গোপজালের খুঁটি ধরে ভেসে থাকার চেষ্টা করেন। একপর্যায়ে জাহাঙ্গীরকে দেখা গেলেও তীব্র স্রোত ও ঢেউয়ের মধ্যে তিনি নিখোঁজ হয়ে যান। পরে পাশ দিয়ে যাওয়া একটি ট্রলার অন্য শ্রমিকদের উদ্ধার করে। দুর্ঘটনার পরপরই স্থানীয়রা আট থেকে ১০টি ট্রলার নিয়ে নিখোঁজ জাহাঙ্গীরকে উদ্ধারে তল্লাশি শুরু করেন। বন বিভাগ ও ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযানে অংশ নেয়। দীর্ঘ সময় অনুসন্ধানের পরও তার সন্ধান না মেলায় উদ্ধারকর্মীরা সাময়িকভাবে অভিযান স্থগিত করলেও স্থানীয়দের খোঁজাখুঁজি অব্যাহত থাকে। অবশেষে বিকেল ৩টার দিকে নদীর পানি কমে মাঝের খাল এলাকার একটি চর জেগে উঠলে গোপজালে পেঁচানো অবস্থায় জাহাঙ্গীরের মরদেহ দেখতে পান স্থানীয়রা। পরে সেখান থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। স্থানীয়দের ভাষ্য, নিহত জাহাঙ্গীর জীবিকার তাগিদে উপকূলের বিভিন্ন স্থানে দিনমজুর হিসেবে কাজ করতেন। সাঁতার না জানার কারণে দুর্ঘটনার সময় তিনি নিজেকে রক্ষা করতে পারেননি বলে ধারণা করা হচ্ছে। এ ঘটনায় নিহতের পরিবার-স্বজনের পাশাপাশি পুরো এলাকায় শোকের আবহ বিরাজ করছে।

## আমতলীতে হামের প্রাদুর্ভাব

হাসপাতাল কর্তৃপক্ষ আলাদা ইউনিটের ব্যবস্থা করলেও সেখানে পর্যাপ্ত বেড নেই। ফলে অনেক শিশু ও তাদের স্বজনদের মেঝেতে বিছানা পেতে থাকতে হচ্ছে। মঙ্গলবার (১৪ জুলাই) দুপুরে হাসপাতাল ঘুরে দেখা যায়, হামে আক্রান্ত শিশু ও তাদের স্বজনরা হাসপাতালের নির্ধারিত ইউনিটে মেঝেতে অবস্থান করছেন। সেখানে পর্যাপ্ত শয্যার ব্যবস্থা নেই। আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. হুমায়ুন আহমেদ সুমন বলেন, হামে আক্রান্ত শিশুদের যথাযথ চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে হাসপাতালে অ্যান্টিবায়োটিক ও ডিএনএস স্যালাইনের সংকট রয়েছে। হতদরিদ্র রোগীদের জন্য সীমিত পরিসরে এসব সরবরাহ করা হচ্ছে। আমতলী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. চিন্ময় হাওলাদার বলেন, নতুন অর্থবছর শুরু হওয়ায় অ্যান্টিবায়োটিক ও ডিএনএস স্যালাইনের কিছুটা সংকট তৈরি হয়েছে। তবে খুব শিগগিরই এ সংকট দূর হবে বলে আশা করছি।

## ভাণ্ডারিয়ার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত

র‌্যাব-৮, সিপিএসসি, বরিশাল এবং র‌্যাব-১০, সদর কোম্পানী, কেরানীগঞ্জের একটি চৌকস আভিযানিক দল ঢাকার কেরানিগঞ্জ এলাকায় যৌথ অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। আজিম হাওলাদারের বিরুদ্ধে ২০০৮ সালের ১৭ মে ভাণ্ডারিয়া থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী-২০০৩) এর ৭ ধারায় একটি মামলা দায়ের করা হয় (মামলা নং-১০, জিআর নং-৭২/২০০৮)। পরবর্তীতে বিজ্ঞ আদালত মামলাটির দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আসামির বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড এবং ১০ হাজার টাকা জরিমানা, অনাদায়ে আরও ৬ মাসের সশ্রম কারাদণ্ডের আদেশ দেন। সাজা ঘোষণার পর থেকেই আসামি আজিম অত্যন্ত চতুরতার সাথে দেশের বিভিন্ন স্থানে আত্মগোপন করে আসছিল। আদালত তার বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করলে সেটি কার্যকর করার জন্য ভাণ্ডারিয়া থানায় পাঠানো হয়। দীর্ঘদিন পলাতক থাকলেও র?্যাব-৮ সর্বোচ্চ পেশাদারিত্ব ও আধুনিক তথ্য প্রযুক্তির সহায়তায় তার অবস্থান নিশ্চিত করে এই সফল অভিযান পরিচালনা করে। গ্রেফতারকৃত আসামিকে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য প্রথমে ঢাকার দক্ষিণ কেরাণীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়। এবিষয়ে সর্বশেষ অবস্থা সম্পর্কে ভাণ্ডারিয়া থানার ওসি দেওয়ান জগলুল হাসান সাংবাদিকদের জানান, সাজাপ্রাপ্ত আসামি আজিমকে ইতিমধ্যেই ভাণ্ডারিয়ায় আনা হয়েছে। তাকে আদালতে সোপর্দ করার আইনি প্রক্রিয়া চলছে।

## নবীনদের পদচারণায় মুখর ববি

বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন এবং নবীন শিক্ষার্থীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় তিনি বলেন, "অত্যন্ত প্রতিযোগিতাপূর্ণ ভর্তি পরীক্ষার মাধ্যমে তোমরা বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ অর্জন করেছ। বিশ্ববিদ্যালয় জীবন জ্ঞান অর্জন, দক্ষতা উন্নয়ন ও নিজেকে একজন আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলার গুরুত্বপূর্ণ অধ্যায়। অধ্যবসায়, শৃঙ্খলা ও নিয়মিত অধ্যয়নের মাধ্যমে নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে হবে। বিশ্ববিদ্যালয়ের ভেতরে ও বাইরে এমন আচরণ করতে হবে, যাতে তোমাদের মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মর্যাদা ও সুনাম আরও বৃদ্ধি পায়।" উপাচার্য নবীন শিক্ষার্থীদের উদ্দেশে আরও বলেন, দেশের কৃষক-শ্রমিকসহ সাধারণ মানুষের করের টাকায় পরিচালিত এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষালাভের সুযোগকে যথাযথভাবে মূল্যায়ন করতে হবে। অর্জিত জ্ঞান সমাজ, দেশ ও মানবকল্যাণে কাজে লাগিয়ে একটি উন্নত, সমৃদ্ধ ও ক্ষুধা-দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনে ভূমিকা রাখার আহ্বান জানান তিনি। এ সময় তিনি ক্যাম্পাসে র‍্যাগিংয়ের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের 'জিরো টলারেন্স' নীতির কথা পুনর্ব্যক্ত করে বলেন, কোনো ধরনের র?্যাগিং বা হয়রানিমূলক কর্মকাণ্ড বরদাশত করা হবে না। দিনব্যাপী আয়োজিত ওরিয়েন্টেশন শেষে বিভিন্ন বিভাগে নিয়মিত শ্রেণি কার্যক্রম শুরু হয়। নতুন শিক্ষার্থীদের প্রাণবন্ত উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সৃষ্টি হয় উৎসবমুখর পরিবেশ।

## কাউখালীর ৬৭ সরকারি প্রাথমিক

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একই সময়ে তিনটি করে গাছের চারা রোপণ করে উপজেলার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক এইচ এম দ্বীন মোহাম্মদ, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অহিদুল ইসলাম, রিসোর্স সেন্টারের ইনস্ট্রাক্টর মোঃ লুৎফর রহমান, সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মোঃ রফিকুল ইসলাম, সবুজ ক্লান্তি সিকদার, উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক বদরুদ্দোজা মিয়া, কচুয়াকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহার রুপালি, সাংবাদিক এনামুল হক, রিয়াদ মাহমুদ সিকদার প্রমুখ। বক্তারা বলেন, পরিবেশ সংরক্ষণ, সবুজায়ন বৃদ্ধি এবং শিক্ষার্থীদের মধ্যে বৃক্ষরোপণ ও পরিবেশ সচেতনতা গড়ে তুলতে বৃক্ষরোপণের বিকল্প নেই। পাশাপাশি প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষকদের উৎসাহিত করতে প্রাথমিক শিক্ষা পদক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। উপজেলার প্রতিটি বিদ্যালয়ে একটি ফলদ, একটি বনজ ও একটি ঔষধি গাছের চারা রোপণ করা হয়। এর আগে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলার কচুয়াকাঠি সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে ঢাকার চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা পদক -২০২৬ প্রদান অনুষ্ঠান স্ক্রিনে সরাসরি সম্প্রচার উপভোগ করেন উপস্থিত অতিথিবৃন্দসহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষার্থীরা।

## পিরোজপুরের ৯৯২ সরকারি

ঢাকার বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের প্রাঙ্গণে প্রধানমন্ত্রীর দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির সঙ্গে সমন্বয় রেখে পিরোজপুর জেলার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন পিরোজপুরের জেলা প্রশাসক আবু সাঈদ। পিরোজপুর সদর উপজেলা ৪৮ নং দেওনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে একই সময়ে তিনটি করে গাছের চারা রোপণ করার মাধ্যমে এ কার্যক্রম শুরু হয়। এসময় উপস্থিত ছিলেন পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেনসহ প্রাথমিক শিক্ষা বিভাগের কর্মকর্তা, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট ব্যক্তিরা। বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর বৃক্ষরোপণ কর্মসূচি একটি সময়োপযোগী উদ্যোগ। পরিবেশ রক্ষা ও সবুজ বাংলাদেশ গড়তে সবাইকে অন্তত একটি করে গাছ রোপণ এবং তার পরিচর্যার দায়িত্ব নিতে হবে। পরিবেশ সংরক্ষণ, সবুজায়ন বৃদ্ধি এবং শিক্ষার্থীদের মধ্যে বৃক্ষরোপণ ও পরিবেশ সচেতনতা গড়ে তুলতে বৃক্ষরোপণের বিকল্প নেই। পাশাপাশি প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষকদের উৎসাহিত করতে প্রাথমিক শিক্ষা পদক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এর আগে জেলা প্রশাসনের আয়োজনে সদর উপজেলার দেওনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় চত্বরে ঢাকার চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা পদক -২০২৬ প্রদান অনুষ্ঠান সরাসরি সম্প্রচার উপভোগ করেন উপস্থিত অতিথিসহ শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক।

## হত্যার এক মাস পরও মেলেনি

৮ জুন বরগুনা সদর উপজেলার গৌরীচন্না বাজার সংলগ্ন একটি খাল থেকে নিখোঁজ শামীমের মাথাবিহীন মরদেহ উদ্ধার করা হয়। নিহত ব্যবসায়ী শামীম স্থানীয় ওই গৌরীচন্না বাজারে হাস-মুরগির ব্যবসাসহ বিভিন্ন এলাকায় জায়গাজমি কেনা বেচার কাজ করতেন। এছাড়া মানুষের কাছে তার টাকাপয়সা লেনদেনও ছিল। মরদেহ উদ্ধারের আগের দিন ৭ জুন সন্ধ্যায় নিজ বাড়ি থেকে বের হয়ে তিনি নিখোঁজ হন। পরদিন সকালে শামীমের ছোটভাই গৌরীচন্না বাজারে যান। সেখানে বিভিন্ন মানুষের কাছে বড় ভাইয়ের খোঁজ জানতে চাইলে রাতে বাজার সংলগ্ন ব্রিজের পাশে গাছের ওপরে বসে কয়েকজনের সঙ্গে কথা বলতে দেখেছেন বলে জানায় স্থানীয়রা। পরে ওই জায়গায় গিয়ে রক্তের দাগ দেখতে পান তিনি। এছাড়া আশপাশে খোঁজাখুঁজি করলে শামীমের একটি জুতাও পড়ে থাকতে দেখেন। পরে বিষয়টি জানিয়ে পুলিশকে জানালে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ফায়ার সার্ভিসকে খবর দিয়ে স্থানীয়দের সহযোগিতায় খালের কচুরিপানার ভেতর থেকে শামীমের মাথাবিহীন মরদেহটি উদ্ধার করেন। তবে এ ঘটনার এক মাস পার হলে এখন পর্যন্ত ওই ব্যবসায়ীর মাথা উদ্ধার করতে পারেনি পুলিশ। হত্যাকাণ্ডে জড়িত সন্দেহ ছয়জনকে গ্রেফতার করলেও তারা জড়িত কি-না তাও নিশ্চিত করেনি পুলিশ। আর এ কারণে নিহত শামীমের স্বজন ও স্থানীয়দের দাবি হত্যার রহস্য উন্মোচন করে জড়িত আসামিদের নাম প্রকাশসহ দ্রুত শামীমের মাথাটি উদ্ধার করা হোক। গৌরীচন্না বাজারের ব্যবসায়ী মো. ফরিদ হোসেন বলেন, ঘটনার দিন সন্ধ্যায় শামীম আমার দোকানে এসে চা খেয়ে রাত ৯টার দিকে পাশের দোকানে যায়। এরপর আমি দোকান বন্ধ করে বাড়িতে চলে যাই। পরে শুনতে পাই শামীমকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছে না। পরে খালের মধ্যে তার মাথাবিহীন মরদেহ পাওয়া যায়। কিন্তু ওই ঘটনার এক মাস পার হলেও এখন পর্যন্ত শামীমের মাথাটি উদ্ধার হয়নি। নিহতের প্রতিবেশী আফরুজা আক্তার সাথী বলেন, হত্যাকাণ্ডের পর ছয়জনকে গ্রেফতার করা হয়েছে। কিন্তু গ্রেফতারকৃতরাই আসল আসামি কি-না আমরা তা জানি না। যদি তারা মূল আসামি হয় তাহলে ১ মাস পার হলেও এখনও কেনো প্রশাসন মাথাটি উদ্ধার করতে পারেনি। সাধারণ জনগণ প্রশাসনের কাছে বিষয়টি জানতে চায়। আমরা চাই ঘটনায় জড়িতদের গ্রেফতার করা হোক এবং দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হোক। কিন্তু অন্য কেউ যাতে হয়রানির শিকার না হয়। হত্যার শিকার ব্যবসায়ী শামীমের ছেলে মো. নাইম বলেন, আমাদের পরিবারের একমাত্র ভরসাই ছিল বাবা। আমাদের সব চাহিদা তিনিই পূরণ করতেন। এখন আর আমাদের চাহিদা পূরণের কেউ নেই। প্রশাসনের কাছে আমার একটাই চাওয়া, বাবার মাথাটি উদ্ধারসহ জড়িতদের আইনের আওতায় এনে শাস্তি নিশ্চিত করুক। শামীমের স্ত্রী রেকসোনা বলেন, এক মাসেরও বেশি হয়েছে আমার স্বামীকে হত্যা করা হয়েছে। ছয়জনকে গ্রেফতার করলেও আমার স্বামীর মাথাটি এখন পর্যন্ত পাইনি। তবে তাদেরকে সন্দেহের ভিত্তিতে পুলিশ গ্রেফতার করছে। কারণ আমি কারও নাম উল্লেখ করে মামলায় অভিযোগ দিতে পারিনি। আমি প্রশাসনের কাছে বিচার চাই এবং স্বামীর মাথাটা উদ্ধারের দাবি জানাই। বরগুনা জেলার পুলিশ সুপার কুদরত-ই-খুদা বলেন, ঘটনাটি একটি নির্মম হত্যাকাণ্ড। ঘটনার পরপরই মামলা রুজু হয়েছে। বিভিন্ন ধরনের আলামত পর্যালোচনা করে পরপর ছয়জন আসামি গ্রেফতার করা হয়েছে। পরবর্তীতে আদালতে মাধ্যমে রিমান্ড মঞ্জুর করে তাদেরকে ব্যাপক জিজ্ঞেসাবাদ করা হয়েছে। আমরা নিশ্চিত এই ছয়জনের মধ্যেই যিনি হত্যাকাণ্ড ঘটিয়েছে তিনি আছেন। তবে এর বাইরেও আরও দুই একজন থাকতে পারে। শামীমের মাথা উদ্ধারের বিষয়ে তিনি বলেন, জিজ্ঞেসাবাদের তথ্য অনুযায়ী ওই খালের মধ্যের বিভিন্ন জায়গায় জাল দিয়ে আমরা আবারও মাথা খোঁজার চেষ্টা করেছি, কিন্তু পাইনি। তবে একটি সমস্যা হলো ওই খালে স্রোত এবং একটি স্লুইসগেট আছে। ওই গেট থেকে মাথাটি বের হয়ে যদি বড় নদীতে চলে যায় তাহলে মাথাটি পাওয়ার সম্ভাবনা কমে যায়। তারপরও আমরা আশাবাদী মাথাটি উদ্ধার করা সম্ভব হবে। আমাদের চেষ্টা অব্যাহত আছে।

## পিরোজপুরে ঝর্ণা রানী হত্যা: হাইকোর্টে

শ্বাসরোধে মৃত্যুর কথা বলা হলেও লাশ শনাক্তকরণ প্রক্রিয়ায় বড় ধরনের আইনি দুর্বলতা ছিল। ভিকটিমের বাবা সরাসরি মৃতদেহ না দেখেই থানায় কেবল কাপড়চোপড় এবং পুলিশের দেখানো একটি ছবির ওপর ভিত্তি করে মেয়েকে শনাক্ত করেন। শনাক্তকরণের জন্য ব্যবহৃত ওই ছবিটি নিম্ন আদালতের নথিতে (এলসিআর) সংযুক্ত ছিল না। অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় আদালত আসামিকে খালাস দিয়েছেন। আসামিপক্ষের আইনজীবী বুলবুল রাবেয়া বানু সাংবাদিকদের বলেন, শুরুতে মামলাটা করা হয়েছিল অপহরণের অভিযোগে, পরে এর সঙ্গে হত্যা যুক্ত করা হয়। কিন্তু নথিপত্র ও সাক্ষ্যপ্রমাণ অনুযায়ী ঘটনাটি কোনোভাবেই অপহরণের আইনি সংজ্ঞায় পড়ে না। তিনি বলেন, দণ্ডবিধির ৩৬২ ধারা অনুযায়ী বলপ্রয়োগ, প্রলুব্ধ করা, ফুসলিয়ে নেওয়া, ভুল বোঝানো বা ভীতি প্রদর্শন করে কোনো স্থান থেকে কোনো ব্যক্তিকে অন্যত্র যেতে বাধ্য করলে তা অপহরণ হবে। কিন্তু এই মামলায় প্রসিকিউশন এর কোনোটিই প্রমাণ করতে পারেনি। রায়ের পর্যবেক্ষণের বিষয়ে আইনজীবী রাবেয়া বানু বলেন, মামলায় কোনো স্বাধীন চাক্ষুষ সাক্ষী ছিলেন না। যিনি চাক্ষুষ সাক্ষী হিসেবে সাক্ষ্য দিয়েছেন তিনি ভিকটিমের আত্মীয়। তাদের বয়ান থেকেই জানা যায় যে, আসামি ও ভিকটিমের মধ্যে পূর্ব থেকেই প্রেমের সম্পর্ক ছিল। পারিপার্শ্বিক অবস্থা নির্দেশ করে যে, ভিকটিম স্বেচ্ছায় আসামির সাথে ট্রলারে উঠেছিলেন, যা অপহরণের দাবিকে নাকচ করে দেন। আদালত মনে করেন, 'লাস্ট সিন থিওরি' বা আসামির সাথে ভিকটিমকে সর্বশেষ দেখা যাওয়ার সূত্র ধরে হত্যাকাণ্ডের ধারাবাহিকতা (চেইন অব ইভেন্টস) প্রমাণ করা যায়নি। ফলে আসামি শুরু থেকে পলাতক থাকা সত্ত্বেও শুধুমাত্র একজন আত্মীয়ের সাক্ষ্যের ওপর নির্ভর করে সর্বোচ্চ সাজা দেওয়া বিচারিক দৃষ্টিকোণ থেকে নিরাপদ নয় বলে আদালত সিদ্ধান্ত নিয়েছেন। মামলার নথিতে বলা হয়, ভিকটিম ঝর্ণা রাণী দেউরী রামচন্দ্রপুর শাহ মাহামুদিয়া কলেজের উচ্চ মাধ্যমিকের ছাত্রী ছিলেন। ২০০৯ সালের ১৪ মে বাগেরহাটের কচুয়া থানার আন্দার মানিক গ্রামে বড় বোনের বাড়ি থেকে ফেরার পথে ঝর্ণা নিখোঁজ হন। ওইদিনই স্বরূপকাঠী কৌরিখাড়া খেয়ার ট্রলারে লিটন ও তার সহযোগীদের সাথে ঝর্ণাকে দেখতে পান সুমন দেউরী নামের এক সাক্ষী। দশদিন পর ২৪ মে ঝর্নার বাবা সুভাষ চন্দ্র দেউরী নেছারাবাদ থানায় মামলা করেন। এজাহারে বলা হয়, প্রতিবেশী লিটন মণ্ডল ঝর্ণাকে উত্ত্যক্ত করত এবং বিয়ের প্রস্তাব দিলে পরিবার তা প্রত্যাখ্যান করে। পরে ১৭ মে পত্রিকায় বানারীপাড়ায় সন্ধ্যা নদীতে অজ্ঞাত তরুণীর লাশ উদ্ধারের খবর দেখে ভিকটিমের বাবা থানায় গিয়ে পরিধেয় বস্ত্র দেখে তা ঝর্ণার লাশ বলে শনাক্ত করেন। ২০১৯ সালের ২৭ জুন পিরোজপুরের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. মিজানুর রহমান এ মামলার রায় ঘোষণা করেন। রায়ে পলাতক আসামি লিটন মণ্ডলকে দোষী সাব্যস্ত করে মৃত্যুদণ্ড দেওয়া হয়। অপরাধে সংশ্লিষ্টতা প্রমাণিত না হওয়ায় অপর তিন আসামিকে খালাস দেন বিচারিক আদালত। আসামিদের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষ থেকে মোট ১২ জনের সাক্ষ্য নেওয়া হয়েছিল।

## আইআরজিসির হুঁশিয়ারি: হরমুজের পাশাপাশি

বন্ধ না করা পর্যন্ত হরমুজ প্রণালি বন্ধ থাকবে। পাশাপাশি অঞ্চলটির অন্যান্য তেল ও গ্যাস রপ্তানির পথও বন্ধ করে দেওয়া হতে পারে বলে সতর্ক করেছে তারা। সংবাদমাধ্যম বিবিসির খবরে বলা হয়, এই সতর্কবার্তার মধ্যেই যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানায়, বুধবার সকালে তারা ড্রোন, বিমান ও নৌবাহিনীর সমন্বয়ে ইরানের বিভিন্ন সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালিয়েছে। এর আগে রাতভর প্রায় সাত ঘণ্টাব্যাপী আরেকটি সামরিক অভিযানও পরিচালনা করা হয়। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান যদি আলোচনায় ফিরে না আসে, তাহলে আগামী সপ্তাহে দেশটির সেতু ও বিদ্যুৎকেন্দ্রগুলোতে হামলা চালানো হবে। মঙ্গলবার রাতে সম্প্রচারিত 'স্পেশাল রিপোর্ট উইথ ব্রেট বেয়ার' অনুষ্ঠানে দেওয়া এক সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, 'জ্বালানি স্থাপনাগুলোকে আমি শেষের জন্য রাখব। তবে শেষ পর্যন্ত আমরা জ্বালানি অবকাঠামোতেও হামলা চালাব।' ট্রাম্পের এই বক্তব্য এমন সময় এলো, যখন এর আগে তিনি বলেছিলেন, হরমুজ প্রণালিতে ২০ শতাংশ শুল্ক আরোপের যে হুমকি দিয়েছিলেন, সেটির পরিবর্তে উপসাগরীয় দেশগুলোর সঙ্গে 'বৃহৎ' বাণিজ্য ও বিনিয়োগ চুক্তির দিকে এগোনো হবে। এদিকে মঙ্গলবার সন্ধ্যায় যুক্তরাষ্ট্র ইরানের বন্দরগুলোর ওপর নতুন করে অবরোধ আরোপ করেছে। এর ফলে ইরানের বন্দর ও উপকূলীয় এলাকায় জাহাজের যাতায়াত কার্যত বন্ধ হয়ে গেছে। এর জবাবে আইআরজিসি যুক্তরাষ্ট্রকে সতর্ক করে বলেছে, 'যুক্তরাষ্ট্র এবং তার মিত্রদের স্বার্থে ব্যবহৃত অন্যান্য তেল ও গ্যাস রপ্তানির পথও বন্ধ হয়ে যেতে পারে।' তবে কোন কোন পথ বন্ধ করা হতে পারে, সে বিষয়ে বিস্তারিত কিছু জানায়নি বাহিনীটি।

## আলোচনায় না এলে ইরানের সব সেতু-

ফক্স নিউজকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ মন্তব্য করেন। এর আগে, ট্রাম্প হরমুজ প্রণালি দিয়ে যাওয়া সব পণ্যবাহী জাহাজের ওপর ২০ শতাংশ ফি আরোপের হুমকি থেকে সরে এসেছেন। পাশাপাশি, তিনি ইরানের বন্দরগুলো অবরোধের পদক্ষেপ আবার শুরু করেন। ট্রাম্প বলেন, আগামী সপ্তাহটি তাদের জন্য সত্যিই খুব খারাপ হবে। আমরা তাদের সব বিদ্যুৎকেন্দ্র ধ্বংস করে দেবো। তারা আলোচনার টেবিলে না এলে তাদের সব সেতুও ধ্বংস করে দেবো। তবে এর আগে, গত এপ্রিলেও ট্রাম্প ইরানের বেসামরিক অবকাঠামোর ওপর হামলার হুমকি দিয়েছিলেন। তার মাঝেও সেতু ও বিদ্যুৎকেন্দ্র ছিল। সেসময় জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক বলেছিলেন, আন্তর্জাতিক আইন অনুযায়ী, ইচ্ছাকৃতভাবে বেসামরিক মানুষ ও বেসামরিক অবকাঠামোতে হামলা চালানো যুদ্ধাপরাধ। যুদ্ধে মানবিক আচরণ সংক্রান্ত ১৯৪৯ সালের জেনেভা কনভেনশন বেসামরিক নাগরিকদের জন্য অপরিহার্য বলে বিবেচিত স্থানসমূহে আক্রমণ নিষিদ্ধ করা হয়েছে।

## দুই দফা দাবিতে ঝালকাঠিতে

মিছিল নিয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করেন। পরে জেলা প্রশাসকের মাধ্যমে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে স্মারকলিপি দেন। এ সময় দ্রুত দাবি বাস্তবায়নের আহ্বান জানিয়ে তারা বলেন, দাবি আদায় না হলে ভবিষ্যতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

## ছাত্রদল নেতার ফেসবুক পোস্ট

একাংশের নেতা-কর্মীরা। মহসিন সিকদার তাঁর ব্যক্তিগত ফেসবুক আইডিতে শিক্ষামন্ত্রীকে উদ্দেশ্য করে পোস্ট দেওয়ার বিষয়টি স্বীকার করেছেন। তিনি দাবি করেন, একজন ছাত্রদল নেতা হিসেবে শিক্ষার্থীদের দুর্ভোগের বিষয়টি বিবেচনা করেই তিনি পোস্টটি দিয়েছেন। জানা গেছে, মঙ্গলবার সকাল ১০টার দিকে মহসিন সিকদার তাঁর ব্যক্তিগত ফেসবুক আইডিতে একটি পোস্ট দেন। লাল ব্যাকগ্রাউন্ডের ওই পোস্টে তিনি লেখেন, 'মাননীয় শিক্ষামন্ত্রী আপনার কি কোনো আক্কেল নাই, আপনি এই দুর্যোগকালীন আবহাওয়ায় পরীক্ষা চলমান রাখছেন!!!!' পোস্টটি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর হিজলা উপজেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীদের মধ্যে প্রতিক্রিয়া সৃষ্টি হয়। এদিকে 'হিজলা উপজেলা বিএনপি' নামের একটি ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে মহসিন সিকদারের বিরুদ্ধে সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ তুলে তাঁর বহিষ্কার দাবি করা হয়েছে। ওই পোস্টে বলা হয়, 'ছাত্রদলের রানিং পদধারী, হিজলা উপজেলা ছাত্রদলের আহ্বায়কের মতো গুরুত্বপূর্ণ পদে থাকা অবস্থায় বিএনপির সিনিয়র নেতা ও শিক্ষামন্ত্রীর ব্যাপারে এই কটূক্তি সাংগঠনিক শৃঙ্খলাবহির্ভূত। অবিলম্বে মহসিন সিকদারের বহিষ্কার আদেশ চাই।' স্থানীয় বিএনপি ও ছাত্রদলের কয়েকজন নেতা-কর্মী জানান, দলের দায়িত্বশীল পদে থাকা ব্যক্তিদের সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকা প্রয়োজন। পরীক্ষার্থীদের দাবি বা সমসাময়িক বিষয় নিয়ে কথা বলার ক্ষেত্রে সাংগঠনিক নিয়ম মেনে চলা উচিত। এ বিষয়ে হিজলা উপজেলা বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আলতাফ হোসেন খোকন বলেন, 'দল ও অঙ্গ-সহযোগী সংগঠনের নেতাদের সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সতর্ক থাকা প্রয়োজন। ছাত্রদল নেতার দেওয়া পোস্টের বিষয়ে জেলা নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।'

## ভোলা ছাত্রলীগের সাবেক

হোসাইন মামলা করেন। ওই মামলায় আসামি হওয়ায় মোস্তাক আহমেদ শাহীনকে গ্রেফতার করা হয়েছে। তাকে ভোলা আদালতে প্রেরণ করা হয়েছে। গ্রেফতার আসামিকে বুধবার সকালে ভোলা আদালতে হাজির করা হলে আদালত তাকে জেলহাজতে প্রেরণের নির্দেশ দেন। ৫ আগস্টের পর এই প্রথমবারের মতো মোস্তাক আহমেদ শাহীনকে গ্রেফতার করা হলো। এদিকে, মোস্তাক আহমেদ শাহীনকে গ্রেপ্তারের খবরে আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগসহ দলের অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা সামাজিক যোগাযোগমাধ্যমে তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে তার মুক্তি দাবি করেছেন।

## দক্ষিণ আইচায় ইয়াবাসহ

তিনজনের দেহ তল্লাশি করে ১০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ৩০ হাজার টাকা। এছাড়া ইয়াবা বিক্রির ৩ হাজার টাকা নগদ জব্দ করা হয়েছে। প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা দীর্ঘদিন ধরে মাদক সংগ্রহ করে দক্ষিণ আইচাসহ আশপাশের বিভিন্ন এলাকায় বিক্রির সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছেন বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছে। দক্ষিণ আইচা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আহসান কবির বিষয়টি নিশ্চিত করে জানান, গ্রেফতার তিনজনকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। তিনি বলেন, "মাদকমুক্ত সমাজ গড়তে পুলিশের এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## আগৈলঝাড়ায় সদ্য যোগদানকৃত

শিক্ষক সমিতির সভাপতি ফারহানা আক্তার, উপজেলা ইমাম সমিতির সভাপতি মাওলানা ফজলুল হক, উপজেলা পুজা উদযাপন পরিষদের সভাপতি যতীন্দ্র নাথ মিস্ত্রী, জুলাই যোদ্ধা আবুল মোল্লা, হাবিবুর রহমান মুন্সি, উপজেলা বিএনপি'র যুগ্ম আহ্বায়ক সামচুল হক খোকন, উপজেলা কলেজ শিক্ষক সমিতির সভাপতি ফিরোজ রাসেল প্রমুখ। মতবিনিময় সভায় নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদার বলেন, উপজেলার সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে তিনি আন্তরিকতার সঙ্গে কাজ করবেন। এ লক্ষ্যে সর্বস্তরের সকলের সহযোগীতা কামনা করে। এছাড়া আইন-শৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখা, মাদক নির্মূল, বাল্যবিবাহ প্রতিরোধ, দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়ে কাজ করবেন বলে জানান তিনি।

## ঢাকায় আগৈলঝাড়া থানায় হামলা

(এসআই) মাসুদের নেতৃত্বে একটি পুলিশের দল তাদের ডিবির হেফাজত থেকে গ্রহণ করে তাদের আগৈলঝাড়া থানায় নিয়ে যায়। আরেক আসামিকে ফুল্লশ্রী গ্রাম থেকে পুলিশের মাধ্যমে গ্রেফতার করা হয়। এরপর বুধবার দুপুরে গ্রেফতারকৃত দুই আসামিকে বরিশালের বিজ্ঞ আদালতে হাজির করা হলে আদালত তাদের জেলহাজতে পাঠানোর নির্দেশ দেন। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান উল্লেখ করেন, ডিবি পুলিশের সহযোগিতায় মামলার এক আসামিকে ঢাকা থেকে গ্রেফতার করে আগৈলঝাড়ায় আনা হয়েছে। আসামিদের আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে। তিনি আরো বলেন, 'এখন পর্যন্ত এই মামলায় এজাহারভুক্ত ২৭ আসামিকে গ্রেফতার করে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।'

## গৌরনদীতে ইউপি সদস্যের

সেটসহ অন্যান্য মূল্যবান মালামাল নিয়ে যায়। ইউপি সদস্য আরও জানিয়েছেন, বুধবার সকালে প্রতিবেশীরা বাড়ির গেট ভাঙা দেখে তাদের খবর দেয়। তারপর বাড়ি এসে বিষয়টি নিশ্চিত হয়ে তিনি থানা পুলিশকে খবর দেন। গৌরনদী মডেল থানার এস আই মো. সাইফুল ইসলাম জানিয়েছেন, খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এ ঘটনায় ইউপি সদস্যকে থানায় লিখিত অভিযোগ দায়ের করতে বলা হয়েছে। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ঘটনার সঙ্গে জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনা হবে।

# চরফ্যাশনে বোরাকের ধাক্কায় যুবকের মৃত্যু

**চরফ্যাশন প্রতিনিধি**

উপজেলার দক্ষিণ আইচা-চরফ্যাশন প্রধান আঞ্চলিক মহাসড়কের বসু বেপারী বাড়ির সামনে রাস্তা পারাপারের সময় বোরাক পরিবহনের ধাক্কায় রিয়াজ (৩০) নামে এক যুবকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। রিয়াজের গ্রামের বাড়ি চর মানিকা ইউনিয়নের করিমপাড়া ৯ নং ওয়ার্ডে। তার বাবার নাম বীর মুক্তিযোদ্ধা শামসুদ্দিন মাস্টার। মঙ্গলবার সন্ধ্যায় দক্ষিণ আইচা থানাধীন এ ঘটনা ঘটলেও তার মৃত্যুর পর ১৫ জুলাই তাকে দাফন করা হয়। পরদিন জানাজা শেষে পারিবারিক কবরস্থানে তাকে দাফন করা হয়েছে। তার মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে। দক্ষিণ আইচা থানা অফিসার ইনচার্জ মোঃ আহসান কবির জানায়, একটি বোরাক রিয়াজকে ধাক্কা দিলে গুরুতর আহত হয়। আহতবস্থায় স্থানীয়রা তাকে উদ্ধার করে চরফ্যাসন হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। খবর পেয়ে দক্ষিণ আইচা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার চেষ্টা করে। দুর্ঘটনার কারণ অনুসন্ধানে কাজ শুরু করছে থানা পুলিশ। এ ঘটনায় কেউ অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ১৬ জুলাই ২০২৬ ॥ ০১ শ্রাবণ ১৪৩৩

## আলোচনায় না এলে ইরানের সব সেতু-বিদ্যুৎকেন্দ্র ধ্বংস করে দেবো: ট্রাম্প

**কীর্তনখোলা ডেস্ক**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প হুমকি দিয়েছেন, ইরান আলোচনায় না ফিরলে আগামী সপ্তাহে দেশটির সেতু ও বিদ্যুৎকেন্দ্রে হামলা চালানো হবে। যুক্তরাষ্ট্রও ইরানের মধ্যে টানা চতুর্থ দিনের মতো পাল্টাপাল্টি হামলা চলছে। এর মাঝেই ৩ এর পাতায় দেখুন

## আইআরজিসির হুঁশিয়ারি: হরমুজের পাশাপাশি অন্যান্য বাণিজ্যপথও বন্ধ করে দেব

**কীর্তনখোলা ডেস্ক**

যুক্তরাষ্ট্র নতুন করে ইরানের সামরিক স্থাপনায় হামলা চালানোর পর মধ্যপ্রাচ্যের আরও গুরুত্বপূর্ণ বাণিজ্যপথ বন্ধ করে দেওয়ার হুমকি দিয়েছে ইরান। ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনী (আইআরজিসি) জানিয়েছে, যুক্তরাষ্ট্র 'আগ্রাসন' ৩ এর পাতায় দেখুন

## নবীনদের পদচারণায় মুখর ববি, শুরু হলো ওরিয়েন্টেশন ও শ্রেণি কার্যক্রম

**কীর্তনখোলা রিপোর্ট**

উৎসবমুখর পরিবেশে ওরিয়েন্টেশন ও শ্রেণি কার্যক্রম শুরুর মাধ্যমে বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের নবীন শিক্ষার্থীদের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০২৫-২৬ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের নবীন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন ও শ্রেণি কার্যক্রম বুধবার (১৫ জুলাই) আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। নবীন শিক্ষার্থীদের পদচারণায় দিনভর প্রাণচাঞ্চল্য ও উৎসবমুখর পরিবেশে মুখর হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের ২৩টি বিভাগ পৃথকভাবে নবীনবরণ ও ওরিয়েন্টেশন অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী এবং নবীন শিক্ষার্থীরা অংশ নেন। ওরিয়েন্টেশন শেষে প্রতিটি বিভাগে নিয়মিত শ্রেণি কার্যক্রম শুরু হয়। ওরিয়েন্টেশন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. মামুন অর রশিদ ৩ এর পাতায় দেখুন

## ঝর্ণা রানী হত্যা: হাইকোর্টে খালাস পেলেন মৃত্যুদন্ডাদেশপ্রাপ্ত আসামি

**নেছারাবাদ প্রতিনিধি**

পিরোজপুরের নেছারাবাদে কলেজছাত্রী ঝর্ণা রানী দেউরীকে অপহরণ ও হত্যার মামলায় মৃত্যুদণ্ডাদেশপ্রাপ্ত আসামি লিটন মণ্ডলকে খালাস দিয়েছেন হাইকোর্ট। এক আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি কে এম রাশেদুজ্জামান রাজা সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ বুধবার এ রায় দেন। রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছে, প্রসিকিউশন আসামির বিরুদ্ধে আনা অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে 'সম্পূর্ণ ব্যর্থ' হয়েছে। পারিপার্শ্বিক সাক্ষ্য-প্রমাণ ও তদন্তের 'দুর্বলতা' বিবেচনায় নিয়ে এ খালাস দেওয়া হয়েছে বলে জানিয়েছেন রায়ের পর ডেপুটি অ্যাটর্নি জেনারেল সৈয়দ ইজাজ কবির বলেন, সুরতহাল ও ময়নাতদন্তে ৩ এর পাতায় দেখুন

## হত্যার এক মাস পরও মেলেনি ব্যবসায়ী শামীমের মাথা

**বরগুনা প্রতিনিধি**

বরগুনায় নিখোঁজের পর খাল থেকে মো. শামীম (৪০) নামে এক ব্যবসায়ীর মাথাবিহীন মরদেহ উদ্ধারের এক মাস পার হলেও এখন পর্যন্ত মাথা উদ্ধার করতে পারেনি পুলিশ। তবে হত্যাকাণ্ডের পরপরই জড়িত সন্দেহে ছয়জনকে গ্রেফতার করেছে পুলিশ। এছাড়া খুব দ্রুত সময়ের মধ্যেই হত্যার প্রকৃত রহস্য উন্মোচনসহ শামীমের মাথাটি উদ্ধার করা হবে বলে আশ্বাস দিয়েছেন জেলার পুলিশ সুপার মো. কুদরত-ই-খুদা। নিখোঁজ শামীমের মাথাবিহীন মরদেহ উদ্ধারের পরপরই জাড়িত সন্দেহে গ্রেফতারকৃতরা হলেন- সজিব, শ্যামল, সফিক, দুর্জয়, সাগর ও শিমুল। আদালতের নির্দেশে রিমান্ডে জিজ্ঞেসাবাদ শেষে বর্তমানে তারা কারাগারে আছেন। খোঁজ নিয়ে জানা যায়, গত ৩ এর পাতায় দেখুন

## পিরোজপুরের ৯৯২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বৃক্ষরোপণ

**পিরোজপুর প্রতিনিধি**

প্রধানমন্ত্রীর দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির সঙ্গে সমন্বয় রেখে পিরোজপুরের ৯৯২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আঙিনায় তিনটি করে গাছের চারা রোপণ করা হয়েছে। জেলার প্রতিটি বিদ্যালয়ে একটি ফলদ, একটি বনজ ও একটি ঔষধি গাছের চারা রোপণ করা হয়। বুধবার (১৫ জুলাই) সকালে ৩ এর পাতায় দেখুন

## কাউখালীর ৬৭ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গাছের চারা রোপণ

**কাউখালী প্রতিনিধি**

প্রধানমন্ত্রীর দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির সঙ্গে সমন্বয় রেখে পিরোজপুরের কাউখালী উপজেলার ৬৭ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আঙিনায় তিনটি করে গাছের চারা রোপণ করা হয়েছে। বুধবার (১৫ জুলাই) সকালে ঢাকার বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রের প্রাঙ্গণে প্রধানমন্ত্রীর দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির সঙ্গে সমন্বয় রেখে উপজেলা কচুয়াকাঠি ৩ এর পাতায় দেখুন

## দক্ষিণ আইচায় ইয়াবাসহ গ্রেফতার ৩

**চরফ্যাশন প্রতিনিধি**

ভোলার চরফ্যাশন উপজেলার দক্ষিণ আইচা থানার মাদকবিরোধী বিশেষ অভিযানে ১০০ পিস ইয়াবা ট্যাবলেটসহ তিনজনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১৫ জুলাই) দিবাগত রাতে তাদের গ্রেফতার করা হয়। পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে দক্ষিণ আইচা থানার উপ-পরিদর্শক (এসআই) প্রতাপ চন্দ্র দাসের নেতৃত্বে একদল পুলিশ চর মানিকা ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের চর কচ্ছপিয়া এলাকার একটি দোকানে অভিযান চালায়। অভিযানের সময় সেখান থেকে তিনজনকে গ্রেফতার করা হয়। গ্রেফতার ব্যক্তিরা হলেন চর মানিকা ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা বাবলু (২৬), ৫ নম্বর ওয়ার্ডের বাসিন্দা মো. রফিকুল ইসলাম (২৬) এবং মো. রিয়াদ (২৮)। পুলিশ জানায়, গ্রেফতার ৩ এর পাতায় দেখুন

## ভাণ্ডারিয়ার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি ঢাকায় গ্রেফতার

**ভাণ্ডারিয়া প্রতিনিধি**

নারী ও শিশু নির্যাতন দমন আইনের মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত ও দীর্ঘ ১৮ বছর পলাতক আসামি মোঃ আজিম হাওলাদারকে (৩১) গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)। মঙ্গলবার রাত ১০ টার দিকে যৌথ অভিযানের মাধ্যমে ঢাকা কেরানিগঞ্জ এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত আজিম ভাণ্ডারিয়া থানার ২নম্বর নদমুলা ইউনিয়নের উত্তর শিয়ালকাঠি গ্রামের মো. ইসলাম ওরফে ইসমাইলের ছেলে। র‍্যাব এবং মামলার বিবরণী থেকে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে ৩ এর পাতায় দেখুন

## আমতলীতে হামের প্রাদুর্ভাব, ওষুধ-খাবার স্যালাইন সংকট

**আমতলী প্রতিনিধি**

বরগুনার আমতলী উপজেলায় হামের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। গত ১৩ দিনে হামে আক্রান্ত হয়ে ৩০ জন শিশু আমতলী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছে। হাসপাতালে অ্যান্টিবায়োটিক ও ডিএনএস স্যালাইনের সংকট দেখা দেওয়ায় রোগীদের স্বজনদের বাইরে থেকে ওষুধ ও স্যালাইন কিনতে হচ্ছে। এতে অতিরিক্ত আর্থিক চাপের মুখে পড়েছেন তারা। দ্রুত হাসপাতালে প্রয়োজনীয় ওষুধ ও স্যালাইন সরবরাহের দাবি জানিয়েছেন আক্রান্ত শিশুদের স্বজনরা। জানা গেছে, সারা দেশে হামের প্রাদুর্ভাব দেখা দিলেও জুন মাস পর্যন্ত আমতলী উপজেলায় তেমন কোনো শিশু হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়নি। তবে জুলাই মাসে পরিস্থিতির পরিবর্তন ঘটে এবং গত ১৩ দিনে ৩০ জন শিশু হাসপাতালে ভর্তি হয়। শিশুদের স্বজন রাবেয়া ও তাজিনুর জানান, হাসপাতাল থেকে অ্যান্টিবায়োটিক ও ডিএনএস স্যালাইন সরবরাহ করা হচ্ছে না। ফলে বাধ্য হয়ে তাদের বাইরে থেকে এসব কিনতে হচ্ছে, যা তাদের জন্য আর্থিকভাবে কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। অন্যদিকে, হামে আক্রান্ত শিশুদের জন্য ৩ এর পাতায় দেখুন




## ছাত্রদল নেতার ফেসবুক পোস্ট 'শিক্ষামন্ত্রীর কি আক্কেল নেই'

**হিজলা প্রতিনিধি**

এইচএসসি পরীক্ষার্থীদের চলমান আন্দোলনের মধ্যে শিক্ষামন্ত্রীকে উদ্দেশ্য করে ফেসবুকে পোস্ট দেওয়ায় বরিশালের হিজলা উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মহসিন সিকদারকে ঘিরে দলীয় নেতা-কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে। দায়িত্বশীল পদে থেকে এমন পোস্ট দেওয়ায় তাঁর বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন স্থানীয় বিএনপি ও ছাত্রদলের ৩ এর পাতায় দেখুন

## গৌরনদীতে ইউপি সদস্যের বাড়িতে ডাকাতি

**গৌরনদী প্রতিনিধি**

বরিশালের গৌরনদী উপজেলার খাঞ্জাপুর ইউনিয়নের ৭, ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য হেলেনা আক্তারের বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। মঙ্গলবার (১৪ জুলাই) রাতে এ ঘটনা ঘটে। বুধবার সকালে হেলেনা আক্তার জানান, তিনি ও তার পরিবারের সদস্যরা মঙ্গলবার রাতে বরিশালের বাসায় ছিলেন। এ সুযোগে সংঘবদ্ধ দুষ্কৃতকারীরা প্রথমে বাড়ির গেট ও পরে ঘরের দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। তারপর আলমিরা ভেঙে ৪০ হাজার টাকা, আড়াই ভরি স্বর্ণালংকার ও একটি মোবাইল ৩ এর পাতায় দেখুন

## ভোলা ছাত্রলীগের সাবেক সভাপতি গ্রেফতার

**ভোলা প্রতিনিধি**

ভোলা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সাধারণ সম্পাদক ও ছাত্রলীগের সাবেক সভাপতি মোস্তাক আহমেদ শাহীনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (১৫ জুলাই) ভোরে জেলার পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডের মুসলিমপাড়া এলাকায় নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। ভোলা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, ২০১৯ সালে ভোলায় জেলা বিএনপির সমাবেশে হামলা, গুলি ও বোমা বিস্ফোরণ এবং দলীয় কার্যালয় ভাঙচুরের ঘটনায় ২০২৪ সালের ২ ডিসেম্বর প্রায় ৪০০ জনের বিরুদ্ধে সদর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মো. আরিফ ৩ এর পাতায় দেখুন

## পাথরঘাটায় ৫ ঘণ্টা পর নিখোঁজ শ্রমিকের মরদেহ উদ্ধার

**পাথরঘাটা প্রতিনিধি**

বরগুনার পাথরঘাটা উপজেলায় বন বিভাগের গাছের চারা রোপণের কাজে যাওয়ার পথে ট্রলারডুবির ঘটনায় জাহাঙ্গীর (৪৫) নামে এক শ্রমিকের মর্মান্তিক মৃত্যু হয়েছে। নিখোঁজ হওয়ার প্রায় পাঁচ ঘণ্টা পর বলেশ্বর নদী থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। বুধবার (১৫ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার সদর ইউনিয়নের পদ্মা স্লুইসসংলগ্ন বলেশ্বর নদীর মাছের খাল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জাহাঙ্গীর উপজেলার পশ্চিম বাদুরতলা এলাকার ৮ নম্বর ওয়ার্ডের মৃত ছাহেদ হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা যায়, বন বিভাগের চারা রোপণের কাজে অংশ নিতে আটজন ৩ এর পাতায় দেখুন

## ঢাকায় আগৈলঝাড়া থানায় হামলা মামলার দুই আসামি গ্রেফতার

**আগৈলঝাড়া প্রতিনিধি**

বরিশালের আগৈলঝাড়া থানায় হামলা, ভাঙচুর এবং পুলিশ সদস্যদের ওপর হামলা মামলায় আরো দুইজনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। এজাহারভুক্ত আসামি শাহাদাৎ হোসেন রানাকে মঙ্গলবার (১৫ জুলাই) রাত সময়ে ঢাকার হাজারীবাগ থেকে ডিবি পুলিশ কর্তৃক গ্রেফতার করা হয়েছে। এছাড়া একইদিনে উপজেলার ফুল্লশ্রী গ্রামের নিজ বাড়ি থেকে সৃজন নামে এক যুবককে পুলিশ গ্রেফতার করেছে। তাদের সকলের বাড়ি বরিশালের আগৈলঝাড়া উপজেলার ফুলশ্রী এলাকায় অবস্থিত। পুলিশ সূত্রে জানানো হয়েছে, মঙ্গলবার রাতে ঢাকার হাজারীবাগে অভিযান চালিয়ে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) একজনকে গ্রেফতার করে। পরে, আগৈলঝাড়া থানার উপ-পরিদর্শক ৩ এর পাতায় দেখুন

## আগৈলঝাড়ায় সদ্য যোগদানকৃত ইউএনও'র সাথে মতবিনিময়

**আগৈলঝাড়া প্রতিনিধি**

বরিশালের আগৈলঝাড়ায় সদ্য যোগদানকৃত ইউএনও'র সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকালে উপজেলা পরিষদ হলরুমে নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা নিরুপম মজুমদারের সভাপতিত্বে বক্তব্য রাখেন, আগৈলঝাড়া ওসি (তদন্ত) সুশংকর মল্লিক, উপজেলা বিএনপি'র ভারপ্রাপ্ত আহ্বায়ক সিকদার হাফিজুর রহমান, সদস্য সচিব মোল্লা বশির আহম্মেদ পান্না, বীর মুক্তিযোদ্ধা সেকেন্দার আলী মৃধা, উপজেলা জামায়াতের আমীর অধ্যাপক আলাউদ্দিন মিয়া, প্রেসক্লাব সভাপতি শামীমুল ইসলাম শামীম, উপজেলা এনসিপি'র আহ্বায়ক মাজহারুল ইসলাম নিপু, উপজেলা এনজিও সমন্বয় পরিষদের সাধারণ সম্পাদক কাজল দাশগুপ্ত, উপজেলা মাধ্যমিক ৩ এর পাতায় দেখুন

## ১২ মাসের বিল বকেয়া থাকায় বিদ্যালয়ের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন

**নেছারাবাদ প্রতিনিধি**

পিরোজপুরের নেছারাবাদ উপজেলার সুটিয়াকাঠি ইউনিয়ন হাই স্কুলের ১২ মাসের ৩২ হাজার ৭২৯ টাকা বিদ্যুৎ বিল বকেয়া থাকায় বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করেছে পল্লী বিদ্যুৎ সমিতির স্বরূপকাঠি জোনাল অফিস। এতে বিদ্যালয়ের প্রায় চার শতাধিক শিক্ষার্থীর পাঠদান কার্যক্রম ব্যাহত হচ্ছে। বিদ্যালয় চলাকালীন সময়ে পল্লী বিদ্যুতের লাইনম্যান এসে সংযোগ বিচ্ছিন্ন করে ৩ এর পাতায় দেখুন

## দুই দফা দাবিতে ঝালকাঠিতে ডাক কর্মচারীদের মানববন্ধন

**ঝালকাঠি সংবাদদাতা**

তিনগুণ বেতন-ভাতা বৃদ্ধি এবং বিভাগীয় কর্মচারী হিসেবে স্বীকৃতির দাবিতে ঝালকাঠিতে মানববন্ধন করেছেন ডাক বিভাগের কর্মচারীরা। বুধবার (১৫ জুলাই) বেলা ১১টায় জেলা প্রধান ডাকঘরের সামনে বাংলাদেশ ডাক কর্মচারী ইউনিয়নের উদ্যোগে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে জেলার ১৬টি শাখা ডাকঘরের ১৬৯ জন নারী-পুরুষ কর্মচারী অংশ নেন। মানববন্ধনে বক্তব্য দেন বাংলাদেশ ডাক কর্মচারী ইউনিয়নের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন নিজাম, জেলা সভাপতি মানিক হাওলাদার এবং সাধারণ সম্পাদক আলমিন হাওলাদার। বক্তারা বলেন, বর্তমান বাজারদর ও শ্রমের মূল্য বিবেচনায় শাখা ডাকঘরের কর্মচারীদের বেতন-ভাতা তিনগুণ বৃদ্ধি করতে হবে। একই সঙ্গে তাদের বিভাগীয় কর্মচারী হিসেবে স্বীকৃতি দেওয়ার দাবি জানান তারা। দীর্ঘদিন ধরে এ দুই দফা দাবি বাস্তবায়নের অপেক্ষায় রয়েছেন বলে উল্লেখ করেন বক্তারা। মানববন্ধন শেষে কর্মচারীরা একটি ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে, বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com